# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**

e-mail: dmrbbd@gmail.com

Magh 05, 1430 Bangla, January 19, 2024, Friday, No. 19, 54th year

# H I G H L I G H T S

EU Ambassador to Bangladesh Charles Whiteley congratulates Sheikh Hasina for being re-elected as Prime Minister - says, EU wants to take partnership and cooperation with Bangladesh to new heights. (VOA: 6, R. Today: 13)

AL GS Obaidul Quader terms TIB's report on 12th Parliamentary election as one-sided and anti-govt. calling the organization an agent of BNP. (R. Tehran: 9, Jago FM: 15)

Foreign Minister Dr. Hasan Mahmud comments, BNP and TIB's language has matched in TIB's report on election - adds, without doing any research, TIB mostly holds press briefings by depending on some newspaper reports and hastily gathered information. (DW: 11, Jago FM: 17)

Law Minister Anisul Haque claims controversy that has arisen as there are 648 MPs in country is not correct and says, this statement is being made to create confusion across country for political reason. (Jago FM: 15)

CEC Kazi Habibul Awal comments nation has got rid from crisis as 12th Parliamentary election have been successfully completed - however, this is not a permanent solution as people's confidence on electoral system has gone down a lot. (R. Tehran: 10, Jago FM: 16)

BNP leader Dr. Abdul Moin Khan comments people of country have stigmatized the govt. by not voting on January 7 poll - adds, BNP does politics for people, not to loot remaining in power like AL. (R. Today: 14, Jago FM: 18)

JP Chairman GM Quader has been nominated as Leader of Opposition, Co-Chairman Anisul Islam Mahmud as Deputy Leader of Opposition and SG Mojibul Haque Chunnu as Chief Whip of Opposition. (Jago FM: 18)

There are controversies about most of the parliamentary elections held since Bangladesh's independence - most of the polls were one-sided and according to the desire of ruling party. (BBC: 3)

Health Minister Dr. Samanta Lal Sen calls upon physicians and nurses to render their services with utmost importance so that no more people go abroad for treatment. (Jago FM: 18)

Food Minister Sadhan Chandra Majumder says, price of rice will be bearable soon - directs administration officials to take legal action against those who will store rice illegally without license. (R. Today: 12, Jago FM: 17)

University Grants Commission has sought an explanation from CU VC Dr. Shirin Akhter for advertisement in newspaper congratulating two newly appointed ministers. (BBC: 5)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ০৫, ১৪৩০ বাংলা, জানুয়ারি ১৯, ২০২৪, শুক্রবার, নং- ১৯, ৫৪তম বছর**

# শিরোনাম

পুনরায় প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত ইইউ রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি - জানান, বাংলাদেশের সঙ্গে অংশীদারত্ব ও সহযোগিতাকে নতুন উচ্চতায় নিয়ে যেতে চায় ইইউ।
(ভোয়াঃ ৬, রে, টুডেঃ ১৩)

দ্বাদশ সংসদ নির্বাচন নিয়ে টিআইবির প্রতিবেদনকে একপেশে এবং সরকার বিরোধী উল্লেখ করে সংস্থাটিকে বিএনপির দালাল বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।
(রে. তেহরানঃ ৯, জাগো এফএমঃ ১৫)

নির্বাচন নিয়ে টিআইবি যে প্রতিবেদন দিয়েছে তাতে বিএনপি ও টিআইবির ভাষা মিলে গেছে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ - প্রকৃতপক্ষে টিআইবি বেশিরভাগ ক্ষেত্রে কোনো গবেষণা না করে কিছু পত্রিকার রিপোর্ট এবং তড়িঘড়ি করে কিছু তথ্য-উপাত্ত সংগ্রহ করে প্রেস ব্রিফিং করে। (ডয়চে ভেলেঃ ১১, জাগো এফএমঃ ১৭)

দেশে একসঙ্গে ৬৪৮ জন সংসদ সদস্য রয়েছে বলে যে বিতর্ক উঠেছে তা ঠিক নয় দাবি করে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, রাজনৈতিক কারণে সারাদেশে একটি বিভ্রান্তি সৃষ্টি করার জন্য এ বক্তব্য দেওয়া হচ্ছে। (জাগো এফএমঃ ১৫)

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সফলভাবে সম্পন্ন হওয়ায় জাতি সংকট থেকে উঠে এসেছে বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল। তবে এটি স্থায়ী সমাধান নয়। নির্বাচন ব্যবস্থার ওপর জনগণের আস্থা অনেকটা হ্রাস পেয়েছে। (রে. তেহরানঃ ১০, জাগো এফ এমঃ ১৬)

দেশের মানুষ ৭ জানুয়ারি ভোট না দিয়ে সরকারের মুখে কলঙ্ক লেপে দিয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপি নেতা ড. আব্দুল মঈন খান - বিএনপি রাজনীতি করে মানুষের জন্য, আওয়ামী লীগের মতো ক্ষমতায় থেকে লুট করার জন্য রাজনীতি করে না। (রে. টুডেঃ ১৪, জাগো এফ এমঃ ১৮)

জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদেরকে বিরোধী দলীয় নেতা, কো-চেয়ারম্যান আনিসুল ইসলাম মাহমুদকে বিরোধী দলীয় উপনেতা ও মহাসচিব মজিবুল হক চুন্নুকে বিরোধী দলীয় চিফ হুইপ হিসেবে মনোনয়ন দেওয়া হয়েছে।
(জাগো এফ এমঃ ১৮)

বাংলাদেশ স্বাধীন হবার পর থেকে যতগুলো সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে সেগুলোর মধ্যে বেশিরভাগ নির্বাচন নিয়ে বিতর্ক রয়েছে। বেশিরভাগ নির্বাচন হয়েছে একতরফা এবং ক্ষমতাসীন দলের পছন্দ মাফিক। (বিবিসিঃ ৩)

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেন দেশের বাইরে যেন আর কোনো মানুষ চিকিৎসা নিতে না যায় সে ব্যাপারে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সেবা দিতে চিকিৎসক ও নার্সদের প্রতি আহ্বান জানিয়েছেন। (জাগো এফ এমঃ ১৮)

শিগগিরই চালের দাম সহনীয় হবে বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার - লাইসেন্স ছাড়া কেউ অবৈধ মজুত করলে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে প্রশাসনের কর্মকর্তাদের নির্দেশ দেন। (রে. টুডেঃ ১২, জাগো এফ এমঃ ১৭)

সম্প্রতি নতুন নিয়োগ পাওয়া দুজন মন্ত্রীকে শুভেচ্ছা জানিয়ে সংবাদপত্রে বিজ্ঞাপন দেয়ার ঘটনায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. শিরীন আখতারের কাছে ব্যাখ্যা চেয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। (বিবিসিঃ ৫)

# বিবিসি

## ১৯৭৩ থেকে ২০১৮তে বাংলাদেশে সংসদে বিরোধী দলে যারা ছিল

বাংলাদেশ স্বাধীন হবার পর থেকে যতগুলো সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে সেগুলোর মধ্যে বেশিরভাগ নির্বাচন নিয়ে বিতর্ক রয়েছে। বেশিরভাগ নির্বাচন হয়েছে একতরফা এবং ক্ষমতাসীন দলের পছন্দ মাফিক। অতীতের বিভিন্ন নির্বাচনে দেখা গেছে ক্ষমতাসীন দল তাদের পছন্দ অনুযায়ী 'বিরোধী দল' ঠিক করতে চেয়েছে এবং সে অনুযায়ী নির্বাচন আয়োজন করা হয়েছে। ১৯৯১ সাল থেকে ২০০৮ সাল পর্যন্ত নিদলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে যেসব নির্বাচন অনুষ্ঠিত হয়েছে সেখানে বিরোধী দল ক্ষমতাসীনদের পছন্দমতো হয়নি। সর্বশেষ অনুষ্ঠিত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনেও দেখা যাচ্ছে বিরোধী দলের আসনে কারা বসবে সেটি সরকারের ইচ্ছার উপর নির্ভর করছে। আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের ইতোমধ্যে বলেছেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিরোধী দল কারা হবে সেটি ঠিক করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

স্বাধীন বাংলাদেশের প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল ১৯৭৩ সালের ৭ই মার্চ। সে নির্বাচনের ফলাফল নিয়ে তখন ব্যাপক বিতর্ক ও আলোচনা-সমালোচনা হয়েছিল। নির্বাচনে মোট ১৫টি দল অংশ নিয়েছিল। নির্বাচনে ৩০০টি আসনের মধ্যে আওয়ামী লীগ ২৯৩টি আসনে জয় লাভ করে। জাতীয় লীগ এবং জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) একজন করে এবং স্বতন্ত্র প্রার্থী পাঁচজন জয় লাভ করেছিলেন নির্বাচনে। এই সংসদের মেয়াদ ছিল ১৯৭৩ সালের ৭ই এপ্রিল থেকে ১৯৭৫ সালের ৬ই নভেম্বর। অর্থাৎ সংসদের মেয়াদ ছিল দুই বছর ছয় মাস। ১৯৭৩ সালের নির্বাচনে লেনিনবাদী কমিউনিস্ট পার্টির ব্যানারে অংশ নিয়েছিলেন হায়দার আকবর খান রনো। মি. রনো তার আত্মজীবনী 'শতাব্দী পেরিয়ে' বইতে লিখেছেন, নির্বাচনের ফলাফলে তারা বিস্মিত হয়েছিলেন। "আমরা জানতাম, আওয়ামী লীগ জিতবে, কিন্তু কিছু আসন বিরোধী শিবিরেও যাবে।" ১৯৭৩ সালের নির্বাচনে মাত্র সাতটি আসন আওয়ামী লীগের বাইরে অন্যরা জয় লাভ করেছিল। হায়দার আকবর খান রনোর ধারণা, পনেরো থেকে বিশটি আসনে বিরোধী দল নিশ্চিতভাবে জয় লাভ করেছিল। কিন্তু তাদের জোর করে হারিয়ে দেয়া হয়েছে। নির্বাচনের পর শেখ মুজিবুর রহমান বলেছিলেন, দেশে কোন বিরোধী দল নেই। এই শিরোনামে খবর তৎকালীন দেশের বিভিন্ন পত্র-পত্রিকায় ছাপা হয়েছিল।

দ্বিতীয় জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় ১৯৭৯ সালের ১৮ই ফেব্রুয়ারি। তখন জিয়াউর রহমান রাষ্ট্র ক্ষমতায়। এই নির্বাচনটিও ছিল বিতর্কিত এবং সেনাবাহিনীর ছত্রছায়ায় পরিচালিত। সামরিক আইন জারি থাকা অবস্থায় সে নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। নির্বাচনে বিএনপি ২০৭টি আসনে জয়লাভ করে। নির্বাচনে আওয়ামী লীগ (মালেক) ৩৯টি, জাতীয় লীগ দুটি, আওয়ামী লীগ (মিজান) দুটি, জাসদ আটটি মুসলিম ও ডেমোক্রেটিক লীগ ২০টি, বাংলাদেশ গণফ্রন্ট দুটি আসন পায়। এছাড়া ন্যাপ, বাংলাদেশ সাম্যবাদী দল, বাংলাদেশ গণতান্ত্রিক দল ও জাতীয় একতা পার্টি একটি করে আসনে জয়লাভ করে। নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীরা ১৬টি আসনে জয় লাভ করে। মোট ৩০টি রাজনৈতিক দল সে নির্বাচনে অংশ নিলেও নির্বাচনের গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন থেকেই গিয়েছিল। সে নির্বাচনে আওয়ামী লীগ প্রথমে অংশ নিতে রাজি ছিল না। কিন্তু শেষ মুহূর্তে তারা নির্বাচনে অংশ নিয়েছিল। আওয়ামী লীগ নির্বাচনে অংশগ্রহণ করুক সেটি চাননি প্রেসিডেন্ট জিয়াউর রহমান। আওয়ামী লীগের অধিকাংশ নেতা তখন কারাগারে। এক সময় জিয়াউর রহমান সরকারের মন্ত্রিসভায় ছিলেন মওদুদ আহমদ। 'চলমান ইতিহাস ১৯৮৩-১৯৯০' বইতে মি. আহমদ লিখেছেন – প্রেসিডেন্ট জিয়ার কৌশল ছিল আওয়ামী লীগকে জব্দ করা, দেশের রাজনীতির মূল স্রোতধারা থেকে বিচ্ছিন্ন করা। "জিয়া আওয়ামী লীগের সাথে আপোষ করতে একদম নারাজ। তাই তাকে আবারো নতুন করে নির্বাচনে আওয়ামী লীগের যোগদানের আবশ্যকতা এবং গুরুত্ব সম্পর্কে বোঝাতে হলো। তিনি বুঝতে নারাজ," লিখেছেন মি. আহমদ। সে সংসদের নেতা হয়েছিলেন শাহ আজিজুর রহমান, যাকে নিয়ে অনেক বিতর্ক ছিল। মি. আজিজকে অনেকে 'স্বাধীনতা বিরোধী' হিসেবে বর্ণনা করেন। সেই সংসদে বিরোধী দলীয় নেতা হন আওয়ামী লীগের আসাদুজ্জামান খান। কারণ আওয়ামী লীগ সভাপতি আব্দুল মালেক উকিল নির্বাচনে পরাজিত হয়েছিলেন। শেখ মুজিব হত্যাকাণ্ডের পর খন্দকার মোশতাক আহমদের মন্ত্রিসভার সদস্য ছিলেন আসাদুজ্জামান খান। রাজনৈতিক পর্যবেক্ষক ও গবেষক মহিউদ্দিন আহমদ তার 'বিএনপি সময়-অসময়' বইতে লিখেছেন, দ্বিতীয় সংসদে প্রথমবারের মতো কয়েকটি বিরোধী রাজনৈতিক দলের প্রধান নেতা সংসদে জায়গা পান। এরা হচ্ছেন – ন্যাপের সভাপতি অধ্যাপক মোজাফফর আহমদ, গণতান্ত্রিক আন্দোলনের রাশেদ খান মেনন, সাম্যবাদী দলের মোহাম্মদ তোয়াহা, জাতীয় একতা পার্টির সুরঞ্জিত সেনগুপ্ত এবং জাসদের শাজাহান সিরাজ।

তৃতীয় জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল ১৯৮৬ সালের ৭ই মে। এই সংসদের মেয়াদকাল ছিল মাত্র ১৭মাস। তখন রাষ্ট্র ক্ষমতায় ছিলেন এইচ এম এরশাদ। খালেদা জিয়ার নেতৃত্বে বিএনপি সে নির্বাচন বর্জন করলেও শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ তাতে অংশ নিয়েছিল। সে নির্বাচনে জাতীয় পার্টি ১৫৩টি আসনে জয়লাভ করেছিল। নির্বাচনের মাত্র কয়েকমাস আগে জেনারেল এরশাদের জাতীয় পার্টি আত্মপ্রকাশ করে। এছাড়া আওয়ামী লীগ জয়লাভ করেছিল ৭৬টি আসনে, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি পাঁচটি, বাংলাদেশ কৃষক শ্রমিক আওয়ামী লীগ (বাকশাল)

তিনটি, জাসদ (রব) চারটি, জাসদ (সিরাজ) তিনটি, জামায়াতে ইসলামী ১০টি, মুসলিম লীগ চারটি, ওয়ার্কার্স পার্টি তিনটি আসনে জয়লাভ করে। এছাড়া স্বতন্ত্র প্রার্থীরা ৩২টি আসনে জয়লাভ করে। সংসদ নেতা নির্বাচিত হয়েছিলেন জাতীয় পার্টির মিজানুর রহমান চৌধুরী এবং বিরোধী দলীয় নেতা ছিলেন আওয়ামী লীগের শেখ হাসিনা। মওদুদ আহমদের বর্ণনায় – ব্যাপক সন্ত্রাস ও কারচুপির মধ্য দিয়ে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়েছিল। "বহু সংখ্যক এলাকায় ভোটাররা হয় ভোটদানে নিরুৎসাহিত ছিলেন কিংবা তাদের পছন্দমতো প্রার্থীকে ভোট দেয়ার জন্য নির্বাচন কেন্দ্রে যেতেই দেয়া হয়নি।" সে নির্বাচনের ফলাফল প্রত্যাখ্যান করে তৎকালীন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেছিলেন, নির্বাচনে ব্যাপক কারচুপির কারণে তার দল জয়লাভ করতে পারেনি। কিন্তু তারপরেও শেখ হাসিনা সংসদে বিরোধী দলীয় নেত্রীর ভূমিকা নেন এবং সংসদ অধিবেশনে যোগ দেন। "শেখ হাসিনা তার বাবার মতো প্রমাণ করার চেষ্টা করেছেন যে, কেবল নির্বাচনের মাধ্যমেই একটি গণতান্ত্রিক ও গণভিত্তিক রাজনৈতিক দল জনগণের প্রতিনিধিত্ব করার অধিকার অর্জন করতে পারে," লিখেছেন মওদুদ আহমদ। জেনারেল এরশাদের বিরুদ্ধে রাজনৈতিক আন্দোলন যখন জোরদার হতে শুরু করে তখন পরিস্থিতি নিজের অনুকূলে রাখার জন্য তিনি সংসদ ভেঙ্গে দেন। সংবিধান অনুযায়ী সংসদ ভেঙ্গে দেবার ৯০ দিনের মধ্যে নতুন জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান করা বাধ্যতামূলক।

১৯৮৮ সালের তেসরা মার্চ চতুর্থ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। এই সংসদের মেয়াদ ছিল দুই বছর সাত মাস। বিএনপি ও আওয়ামী লীগসহ অধিকাংশ রাজনৈতিক দল এ নির্বাচন বর্জন করে। নির্বাচনে মাত্র ছয়টি রাজনৈতিক দল অংশ নিয়েছিল। সে নির্বাচনে জাতীয় পার্টি ২৫২টি আসনে জয়লাভ করে। সংসদ নেতা নির্বাচিত হন মওদুদ আহমদ। অন্যদিকে বিভিন্ন ছোট ছোট দলের সমন্বয়ে গঠিত সম্মিলিত বিরোধী দল ১৯টি আসনে জয়লাভ করে। বিরোধী দলীয় নেতা জাসদ-এর আ স ম আব্দুর রব। নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীরা ২৫টি আসনে, জাসদ (সিরাজ) তিনটি ও ফ্রিডম পার্টি দুটি আসনে জয়লাভ করে। কোন প্রতিযোগিতা না থাকায় মানুষের মধ্যে উৎসাহ-উদ্দীপনা তেমন ছিলনা এবং সারাদেশে ভোটার উপস্থিতি ছিল নগণ্য। বিদেশি সংবাদমাধ্যম এবং পর্যবেক্ষকদের মতে ভোট পড়েছিল ১০ থেকে ১৫ শতাংশ।

সামরিক শাসক এইচএম এরশাদের পতনের পর ১৯৯১ সালের ২৭শে ফেব্রুয়ারি পঞ্চম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। বাংলাদেশের ইতিহাসে সে নির্বাচন ছিল নানা কারণে ভিন্নমাত্রার। প্রথমবারের মতো নির্দলীয় অন্তবর্তীকালীন সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠিত হয়। সে নির্বাচনে সবগুলো রাজনৈতিক দল নিয়েছিল। নির্বাচনে ১৪০টি আসন নিয়ে সংখ্যাগরিষ্ঠতা অর্জন করে খালেদা জিয়ার নেতৃত্বে বিএনপি। নির্বাচনে আওয়ামী লীগ পেয়েছিল ৮৮টি আসন, জাতীয় পার্টি ৩৫টি আসন এবং জামায়াতে ইসলামী ১৮টি আসন। এছাড়া আরো কয়েকটি দল কয়েকটি আসনে জয়লাভ করেছিল। জামায়াতে ইসলামীর সহায়তা নিয়ে সরকার গঠন করে বিএনপি। সংসদ নেতা নির্বাচিত হন খালেদা জিয়া এবং বিরোধী দলীয় নেতা হন শেখ হাসিনা।

১৯৯৬ সালের ১৫ই ফেব্রুয়ারি বিএনপি সরকারের অধীনে একতরফা ও বিতর্কিত ৬ষ্ঠ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। আওয়ামী লীগ, জাতীয় পার্টি ও জামায়াতে ইসলামীসহ বেশিরভাগ রাজনৈতিক দল সে নির্বাচন বর্জন করে। মাত্র তিনটি দল নির্বাচনে অংশ নিয়েছিল। একতরফা সে নির্বাচনে বিএনপি ২৭৮টি আসনে জয়লাভ করে। বাকি দুটি দলের মধ্যে একটি হচ্ছে ফ্রিডম পার্টি। তারা একটি আসন পায়। এছাড়া ১০টি আসনে জয়লাভ করে স্বতন্ত্র প্রার্থীরা। এই সংসদের মেয়াদ ছিল মাত্র ১১দিন। খালেদা জিয়া সংসদ নেতা হলেও বিরোধী দলীয় কোন নেতা ছিলনা।

সংবিধান সংশোধন করে তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠিত করার বিষয়টি অন্তর্ভুক্ত করার পর ১৯৯৬ সালের ১২ই জুন সপ্তম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে আওয়ামী ১৪৬টি, বিএনপি ১১৬টি, জাতীয় পার্টি ৩২টি, জামায়াতে ইসলামী তিনটি আসনে জয়লাভ করে। জাতীয় পার্টির সমর্থন নিয়ে ২১ বছর পরে সরকার গঠন করে আওয়ামী লীগ। শেখ হাসিনা সংসদ নেতা হন এবং বিরোধী দলীয় নেতা ছিলেন খালেদা জিয়া।

২০০১ সালের পহেলা অক্টোবর অষ্টম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। সে নির্বাচনে বিএনপি জামায়াতে ইসলামীর সাথে জোটবদ্ধ হয়ে নির্বাচন করে। নির্বাচনে বিএনপি ১৯৩টি আসনে, আওয়ামী লীগ ৬২টি আসনে, জামায়াতে ইসলামী ১৭টি এবং জাতীয় পার্টি ও ইসলামী জাতীয় ঐক্যফ্রন্ট ১৪টি আসনে জয়লাভ করে। জামায়াতে ইসলামীকে নিয়ে সরকার গঠন করে বিএনপি। সংসদ নেতা হন খালেদা জিয়া এবং বিরোধী দলীয় নেতা হন শেখ হাসিনা।

সেনা-সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের অধীনে ২০০৮ সালের ২৯শে ডিসেম্বর নবম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। সে নির্বাচনে জাতীয় পার্টি ও কিছু বামপন্থী দলের সাথে একত্রিত হয়ে 'মহাজোট' গঠন করে আওয়ামী লীগ। নির্বাচনে আওয়ামী লীগ ২৩০টি, বিএনপি ৩০টি, জাতীয় পার্টি ২৭টি, জাসদ তিনটি, জামায়াতে ইসলামী দুটি, ওয়ার্কার্স পার্টি দুটি আসনে জয়লাভ করে। আওয়ামী লীগ সরকার গঠন করে এবং সংসদ নেতা হন শেখ হাসিনা এবং বিরোধী দলীয় নেতা হন খালেদা জিয়া।

বিএনপি ও জামায়াতে ইসলামীসহ বেশ কিছু রাজনৈতিক দলের বর্জনের মধ্য দিয়ে ২০১৪ সালের ৫ই জানুয়ারি একতরফা ও বিতর্কিত দশম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে ১৫৩টি আসনে কোন গ্রহণের প্রয়োজন হয়নি। ক্ষমতাসীন দল আওয়ামী লীগ ও তাদের শরীকরা এসব আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ করে। ১৪৭টি আসনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। সেখানে আওয়ামী লীগ ৯৬টি আসন, জাতীয় পার্টি ১২টি, ওয়ার্কার্স পার্টি চারটি ও

জাসদ দুটি আসনে জয়লাভ করে। সবমিলিয়ে আওয়ামী লীগের ঝুলিতে আসন সংখ্যা দাঁড়ায় ২৩৪টি, জাতীয় পার্টি ৩৪টি আসন পায়। সংসদ নেতা নির্বাচিত হন শেখ হাসিনা এবং বিরোধী দলীয় নেতা হন রওশন এরশাদ। সে সংসদে জাতীয় পার্টি একদিকে সরকারের মন্ত্রীসভায় ছিল, অন্যদিকে তারা বিরোধী দলের আসনেও বসেছিল।

একাদশ জাতীয় সংসদ

এই নির্বাচন বাংলাদেশের ইতিহাসে আরেকটি বিতর্কিত অধ্যায় হিসেবে রয়ে গেছে। সে নির্বাচনে আওয়ামী লীগের নেতৃত্বে 'মহাজোট' এবং ড. কামাল হোসেনের নেতৃত্বে জাতীয় ঐক্যফ্রন্ট নির্বাচনে অংশ নেয়। ড. কামাল হোসেন নেতৃত্বে থাকলেও জাতীয় ঐক্যফ্রন্টের চালিকাশক্তি ছিল বিএনপি। নির্বাচনে মোট ৩৯টি দল অংশ নেয়। কিন্তু অভিযোগ ওঠে যে অনেক মানুষ তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেননি এবং নির্বাচনের আগের রাতেই অনেক জায়গায় ব্যালট-বাক্স নৌকা মার্কায় সিল মেরে ভর্তি করা হয়। সে নির্বাচনে আওয়ামী লীগ ২৫৮টি আসন পায়। এছাড়া জাতীয় পার্টি ২২টি আসনে জয়লাভ করে। সে নির্বাচনে ধানের শীষ প্রতীক নিয়ে ৮টি আসনে জয়লাভ করে জাতীয় ঐক্যফ্রন্ট প্রার্থীরা। সংসদে বিরোধী দল হয় জাতীয় পার্টি এবং বিরোধী দলীয় নেতা হন এইচ এম এরশাদ। তার মৃত্যুর পর সংসদে বিরোধী দলের নেতা হন রওশন এরশাদ।(বিবিসি ওয়েব পেজ : ১৮.১.২৪ রিহাব)

## পররাষ্ট্র ও শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানিয়ে প্রশ্নের মুখে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. শিরীণ আখতার সম্প্রতি নতুন নিয়োগ পাওয়া দু'জন মন্ত্রীকে শুভেচ্ছা জানিয়ে সংবাদপত্রে বিজ্ঞাপন দেয়ার ঘটনায় ব্যাখ্যা চেয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ ও শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরীকে শুভেচ্ছা জানিয়ে দেয়া বিজ্ঞাপনটিতে কৃতজ্ঞতা প্রকাশ করা হয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিও। প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে বিজ্ঞাপন দিতে দেখা গেছে সিটি করপোরেশনের মতো প্রতিষ্ঠানকেও। নানা প্রতিষ্ঠানের এমন বিজ্ঞাপন দেয়া এবং এজন্য ব্যয় করা অর্থের উৎস নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমেও চলছে নানা আলোচনা। উপাচার্য ড. শিরীণ আখতার যে বিজ্ঞাপনটি দিয়েছেন,তাতে বিশ্ববিদ্যালয়ের লোগো ও উপাচার্য হিসেবে নিজের নাম ব্যবহার করেছেন। বিজ্ঞাপনটিতে 'বীর চট্টলার দুই কৃতী সন্তানকে মন্ত্রী হিসেবে নিযুক্ত করায় বঙ্গবন্ধু তনয়া প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে কৃতজ্ঞতা' জানানো হয়। পররাষ্ট্রমন্ত্রী ও শিক্ষামন্ত্রীকে অভিনন্দন জানিয়ে বলা হয়েছে, 'আপনাদের সুযোগ্য নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ - ২০৪১ রূপকল্প বাস্তবায়নের পথে বাংলাদেশ এগিয়ে যাবে'। যদিও ১১ই জানুয়ারি শপথ গ্রহণের পরদিনই নতুন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নির্দেশ দিয়েছিলেন কেউ যেন এ ধরনের অভিনন্দন বা শুভেচ্ছা না জানায়। ঐদিনই মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সেবা শাখা এ সংক্রান্ত একটি নোটিশ জারি করে। এ নোটিশে বলা হয়েছিলো- 'দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সংসদ সদস্য নির্বাচিত হওয়ার পর শিক্ষা মন্ত্রণালয়ের সদ্য সাবেক সফল শিক্ষামন্ত্রী দীপু মনি এবং বর্তমান শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরীকে শিক্ষা পরিবারের পক্ষ থেকে ইতোমধ্যে ফুলেল শুভেচ্ছা জানানো হয়েছে বিধায় শুভেচ্ছা ও মতবিনিময় সভায় নতুন করে ফুল নিয়ে শুভেচ্ছা না জানানোর জন্য মন্ত্রী নির্দেশনা প্রদান করেছেন'। বুধবার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের কাছে এ বিষয়ে ব্যাখ্যা চেয়েছে। এক নোটিশে ইউজিসি বিশ্ববিদ্যালয়ের কাছে জানতে চেয়েছে, কয়টি পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে ও কোন খাত থেকে এর ব্যয় নির্বাহ করা হয়েছে। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ কেন অনুসরণ করা হয়নি তাও আগামী পাঁচ কর্মদিবসের মধ্যে জানাতে হবে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে। ইউজিসির দেয়া নোটিশে সাতটি সংবাদপত্রের কথা উল্লেখ করা হয়েছে।

নোটিশে দ্যা ডেইলি স্টার, দ্যা ডেইলি সান, দ্যা বিজনেস স্ট্যান্ডার্ড, দ্যা ডেইলি অবজারভার, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, দৈনিক কালের কণ্ঠ ও দৈনিক সমকালসহ একাধিক সংবাদপত্রে চার কালার বিজ্ঞাপনের কথা উল্লেখ করা হয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্য ও চেয়ারম্যানের অতিরিক্ত দায়িত্বে থাকা অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর বিবিসি বাংলাকে বলেন, "পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে এ ধরনের কোন খাতে অর্থ বরাদ্দ দেয় না ইউজিসি। এছাড়া নতুন শিক্ষামন্ত্রী দায়িত্ব নেয়ার পরই এ ধরনের কোনো কাজ যাতে কেউ না করে সে ব্যাপারে নির্দেশনা দিয়েছেন। তাই ইউজিসি তার কাছে জানতে চেয়েছে কোন আর্থিক ক্যাপাসিটিতে তিনি তা করেছেন ? কেউ যদি ব্যক্তিগত তহবিল থেকে অর্থ ব্যয় করে কাউকে ধন্যবাদ দেয় এটা তার ব্যক্তিগত বিষয়। কিন্তু যখন ইউজিসির আওতাধীন কোনো পাবলিক এনটিটি এটা করে তখন জানার এখতিয়ার রয়েছে তারা পাবলিক মানি ব্যবহার করে এটা করেছেন কি না?" বলেন মি. আলমগীর। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে দুই দফায় আট বছর উপাচার্য ছিলেন অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর।

তিনি জানান, "বিশ্ববিদ্যালয়ের এ ধরনের ব্যয় নির্বাহের নিজস্ব কোনো খাত থাকে না। আর সরকারের বরাদ্দের বাইরে থেকে বিশ্ববিদ্যালয়ের যে আয় তা শিক্ষার্থীদের বিভিন্ন ফি থেকে আসে। এটা একেবারেই নির্ধারিত করা থাকে কোন কোন খাতে ব্যয় করা হবে। এ অর্থ অন্য খাতে ব্যয় করার অধিকার কারো থাকে না"। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবারই প্রথম এ ধরনের ঘটনার মুখোমুখি হয়েছে। অতীতে কখনও কোনো উপাচার্যের বিরুদ্ধে এ ধরনের অভিযোগ আসেনি। চেয়ারম্যান মি. আলমগীর জানান, "উপাচার্য বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বক্তব্য পাওয়ার পর আসলে সিদ্ধান্ত নিতে হবে। ইউজিসির নিজস্ব ফ্রেমওয়ার্ক আছে, বিধি-বিধান আছে। সে অনুযায়ী কর্তৃপক্ষের বক্তব্য বিশ্লেষণ করে সিদ্ধান্ত হবে। তবে, যেটা আমাদের আয়ত্তের বাইরে তা মন্ত্রণালয়ে পাঠিয়ে দেবো।"

তবে, এ ধরনের ঘটনায় কেউ দায়ী প্রমাণিত হলে সুনির্দিষ্ট কোনো শাস্তিমূলক ব্যবস্থা রয়েছে কি না তা তিনি বলতে পারেননি।সকাল থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শিরীণ আখতারকে বার বার ফোন করলেও রিসিভ করেননি তিনি। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার কে এম নূর আহমদ বিবিসি বাংলাকে বলেন, "আমরা জবাব দেবো। এখনো বিজ্ঞাপনের বিল দেয়নি। বিল পেলে কোন খাত থেকে দেয়া হবে সেটা দেখবো। ভাইস চ্যান্সেলরের পারসোনাল ফান্ড থেকেও বিল দিতে পারেন।" ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, "ব্যক্তিগতভাবে শুভেচ্ছা জানাতে বাধা নেই। কিন্তু পাবলিক বিশ্ববিদ্যালয়ের ফান্ড থেকে যদি টাকা ব্যবহার করেন সেটা হবে অনৈতিক। শুভেচ্ছা জানানোর চেয়ে বড় কথা তার ব্যক্তিগত ভাবমূর্তি বৃদ্ধির লক্ষ্যে এটা করেছেন।"বাংলাদেশে রাষ্ট্রীয় কোনো বড় পদে কারো নিয়োগ হলে বা গুরুত্বপূর্ণ পদে গেলে ফুল দিয়ে শুভেচ্ছা বা সামাজিক যোগাযোগ মাধ্যমে তাদের সাথে ছবি দিয়ে শুভেচ্ছা জানাতে দেখা যায়।

ব্যক্তিগতভাবে এ ধরনের শুভেচ্ছা জানানোর ঘটনা অহরহ দেখা যায়। কিন্তু কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়ে অভিনন্দন জানানোর ঘটনা এবারই প্রথম। এছাড়াও বিভিন্ন জাতীয় সংবাদপত্রে সিটি করপোরেশনের মেয়রদেরও এবারের ৭ই জানুয়ারির নির্বাচনের পর প্রধানমন্ত্রীকে শুভেচ্ছা জানিয়ে বিজ্ঞাপন দিতে দেখা যায়। বৃহস্পতিবার ইংরেজি সংবাদপত্র নিউ এইজ পত্রিকায় গাজীপুর সিটি করপোরেশনের মেয়র জায়েদা খাতুন এ ধরনের একটি বিজ্ঞাপন দিয়েছেন। এতে জনসাধারণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচনে বিজয়ে আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা জানানো হয়েছে। গাজীপুর সিটি করপোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা সফিউল আজমকে ফোন করলে তা বন্ধ পাওয়া যায়। মেয়র জায়েদা খাতুনের উপদেষ্টা ও সাবেক মেয়র জাহাঙ্গীর আলমও ফোন ধরেননি। শুধু গাজীপুরেই নয় ঢাকার উত্তর সিটি করপোরেশনের মেয়রের পক্ষেও সংবাদপত্রে বিজ্ঞাপন দেয়া হয়েছে।

উত্তর সিটি করপোরেশনের জনসংযোগ কর্মকর্তা মকবুল হোসাইন জানান, "সব সিটি করপোরেশন ও মন্ত্রণালয়ের নিজস্ব বিজ্ঞাপন ফান্ড থাকে। সেখান থেকেই এ ধরনের বিজ্ঞাপনের ব্যয় বহন করা হয়। সিটি করপোরেশন সরকারের অংশ। তাই সরকার প্রধানকে শুভেচ্ছা জানিয়ে বিজ্ঞাপন দিতে কোনো সমস্যা নেই।" সুশাসনের জন্য নাগরিকের সম্পাদক বদিউল আলম মজুমদার মজুমদার বিবিসি বাংলাকে বলেন, "এসব নমুনা শুধু তোষণই নয়, দলীয়করণের নগ্ন উদাহরণ। এগুলোর কারণেই প্রতিষ্ঠানগুলো ধ্বংস হয়, গণতান্ত্রিক প্রক্রিয়া অকার্যকর হয়, একটা সংকটের দিকে যাওয়ার উদাহরণ এগুলো"। "সিটি করপোরেশনের মানুষের কল্যাণে কাজ করবে, তাদের ফান্ড থাকলেও এটা কার কল্যাণ বয়ে আনবে" বলে প্রশ্ন তোলেন সুজন সম্পাদক। মি. মজুমদার বলেন, "যারা করছে তাদের কল্যাণ ছাড়া, অর্থ অপচয় ছাড়া আর কারো কল্যাণ বয়ে আনবে না এসব"।(বিবিসি ওয়েব পেজ : ১৮.১.২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### বাংলাদেশের সঙ্গে অংশীদারত্বকে নতুন উচ্চতায় নিতে চায় ইইউ : রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি

বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি বলেছেন, বাংলাদেশের সঙ্গে অংশীদারত্ব ও সহযোগিতাকে নতুন উচ্চতায় নিয়ে যেতে চায় ইইউ। বৃহস্পতিবার (১৮ জানুয়ারি) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। টানা চতুর্থ ও সব মিলিয়ে পঞ্চমবারের মতো প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানান তিনি। চার্লস হোয়াইটলিকে উদ্ধৃত করে প্রধানমন্ত্রীর উপ প্রেসসচিব মো. নুর এলাহি মিনা জানান চার্লস হোয়াইটলি প্রধানমন্ত্রীকে বলেছেন, গ্লোবাল গেটওয়ের আওতায় পরিবেশ, সুশাসন, নবায়নযোগ্য জ্বালানি, পরিবহনসহ বিভিন্ন খাতে বাংলাদেশ বর্তমানে যেসব সুযোগ-সুবিধা পাচ্ছে তা আগামী দিনগুলোতে আরও বাড়ানো হবে। তিনি (রাষ্ট্রদূত) ইবিএ (এভরিথিং বাট আর্মস) সুবিধার আওতায় বাংলাদেশকে দেওয়া সুযোগ-সুবিধা অব্যাহত রাখার প্রতিশ্রুতি দেন। তিনি উল্লেখ করেন সম্প্রতি বেলজিয়ামের ব্রাসেলসে অনুষ্ঠিত গ্লোবাল গেটওয়ে ফোরাম সামিটে ইতোমধ্যে বাংলাদেশকে ৪০৭ মিলিয়ন ইউরো দিয়েছে ইইউ। তিনি বাংলাদেশকে জিএসপি প্লাস সুবিধা অব্যাহত রাখার অঙ্গীকার ব্যক্ত করেন। প্রতিবন্ধী ও প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নে শেখ হাসিনা সরকারের উদ্যোগের প্রশংসাও করেছে ইইউ রাষ্ট্রদূত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিগত ৫০ বছরে ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে বিদ্যমান সম্পর্কের বিষয়ে সন্তোষ প্রকাশ করেছেন। শেখ হাসিনা বলেন, বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের বিদ্যমান সম্পর্ক নতুন উচ্চতায় উন্নীত হবে। তিনি ইবিএর আওতায় সহযোগিতা অব্যাহত রাখার জন্য ইইউকে ধন্যবাদ জানান এবং গ্লোবাল গেটওয়ে কর্মসূচির আওতায় নবায়নযোগ্য জ্বালানিসহ বিভিন্ন খাতে বৃহত্তর সহযোগিতা কামনা করেন। (ভোয়া ওয়েব পেজ: ১৮.০১.২০২৪ রুবাইয়া)

### দ্বিপক্ষীয় সফরে ৭ ফেব্রুয়ারি ভারতে যাবেন পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ

সম্পর্ক আরও জোরদার করতে দ্বিপক্ষীয় সফরে ভারতে যাবেন বলে জানিয়েছেন বাংলাদেশের নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। ৭ ফেব্রুয়ারি দেশটির রাজধানী নয়াদিল্লির উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন তিনি। বৃহস্পতিবার (১৮ জানুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এ কথা জানিয়ে তিনি বলেন, এই সফর তিন দিনের হতে পারে। সফরের

আলোচ্যসূচি এখনো চূড়ান্ত হয়নি। হাছান মাহমুদ বলেন, ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্করের আমন্ত্রণে তিনি এ সফর করবেন। হাছান মাহমুদ বলেন, ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্করের আমন্ত্রণে তিনি এ সফর করবেন। সফরকালে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠক করবেন কি না জানতে চাইলে তিনি বলেন এখনই কিছুই ঠিক হয়নি। এ বিষয়ে কিছু বলা যাবে না। এর আগে সুবিধাজনক সময়ে বাংলাদেশের নতুন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদকে নয়াদিল্লি সফরের আমন্ত্রণ জানান ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। সোমবার ভারতের পররাষ্ট্রমন্ত্রীর পক্ষে এই আমন্ত্রণ জানান বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা। সে সময় আমন্ত্রণ গ্রহণ করে শিগগিরই দিল্লি সফর করবেন বলে জানান হাছান মাহমুদ। (ভোয়া ওয়েব পেজ: ১৮.০১.২০২৪ রুবাইয়া)

## অর্থনৈতিক উন্নয়নে বাংলাদেশকে সহায়তা অব্যাহত রাখবে বিশ্ব ব্যাংক : অর্থমন্ত্রী

বাংলাদেশের নতুন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, বাংলাদেশকে সহায়তা অব্যাহত রাখতে প্রস্তুত রয়েছে বিশ্ব ব্যাংক। বৃহস্পতিবার (১৮ জানুয়ারি) সচিবালয়ে নিজ দপ্তরে বিশ্ব ব্যাংকের বাংলাদেশ প্রধান (কান্ট্রি ডিরেক্টর) আবদুলায়ে সেকের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। মাহমুদ আলী বলেন বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেছেন। আমি তাকে সেখানে নিয়ে গিয়েছিলাম। এ সম্পর্ক এখনো রয়েছে কারণ রোহিঙ্গারা এখনো এখানে আছে। বিশ্ব ব্যাংক বাংলাদেশের হয়ে কাজ করছে। তারা বাংলাদেশকে সাহায্য করতে চায়। বিশ্ব ব্যাংক বাংলাদেশের অর্থনীতিতে সংস্কার চায় এমন প্রশ্নের জবাবে মাহমুদ আলী বলেন তারা সংস্কার চায়, যা অবশ্যই প্রয়োজন। তবে কোথায় সহায়তা প্রয়োজন জানতে চাইলে তিনি কোনো মন্তব্য করেননি। মাহমুদ আলী বলেন দেখা যাক। চলুন কাজ শুরু করা যাক। আমাদের মধ্যে দারুণ সম্পর্ক রয়েছে। তারা তা অব্যাহত রাখবে। এর আগে আবদুলায়ে সেক বলেন, বাংলাদেশ স্বাধীন হওয়ার পর বিশ্ব ব্যাংক ৫২ বিলিয়ন ডলার দিয়েছে। আরও ১৬ বিলিয়ন ডলার সহায়তার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। শিক্ষা, স্বাস্থ্য, জ্বালানি, প্রযুক্তিসহ বিভিন্ন ক্ষেত্রে এই সহায়তা দেওয়া হবে। (ভোয়া ওয়েব পেজ: ১৮.০১.২০২৪ রুবাইয়া)

## আবদুল মঈন খান : গণতন্ত্র পুনরুদ্ধারে রাজপথে আন্দোলন চালিয়ে যাবে বিএনপি

গণতন্ত্র ও মানুষের ভোটাধিকার ফিরিয়ে আনতে বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) রাজপথে আন্দোলন চালিয়ে যাবে জানিয়েছেন দলটির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান। তিনি বলেন, আমাদের সংগ্রাম গণতন্ত্র পুনরুদ্ধার করা। গণতন্ত্র বলতে শান্তিপূর্ণ নিয়মতান্ত্রিক সমাজ ব্যবস্থাকে বোঝায়। তাই নীতিগতভাবে সেই গণতন্ত্র পুনরুদ্ধারের সংগ্রাম হতে হবে শান্তিপূর্ণ ও নিয়মতান্ত্রিক। বৃহস্পতিবার (১৮ জানুয়ারি) ঢাকার ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে আলোচনা সভায় তিনি এ কথা বলেন। বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষে এই আলোচনা সভার আয়োজন করে দলটি। আবদুল মঈন খান বলেন, রাস্তায় সরকারের বন্দুক ও গুলি মোকাবিলায় নিরস্ত্র জনগণকে সঙ্গে নিয়ে নিয়মতান্ত্রিক ও শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাবেন তারা। তিনি বলেন, এভাবে আমরা এই সরকারকে পরাজিত করব। আজকের এই দিনে আমরা এই শপথ নিই। আমরা বাংলাদেশে গণতন্ত্র ফিরিয়ে আনব এবং এদেশে জনগণের সরকার প্রতিষ্ঠা করব। জনগণই বিএনপির শক্তি উল্লেখ করে আবদুল মঈন খান বলেন, বন্দুকের নল, বুলেটের শক্তি, কাঁদানে গ্যাসের শক্তি, জলকামানের শক্তি বা এই সরকারের যত ক্ষমতাই থাকুক না কেন জনগণের সেই শক্তি দিয়ে বিএনপি বর্তমান অবৈধ দ্বিতীয় বাকশাল সরকারকে ক্ষমতাচ্যুত করবে। আবদুল মঈন খান বলেন, তাদের দল লগি-বৈঠা দিয়ে রাজনীতি করে না। সভ্য মানুষই বিএনপির রাজনীতি করে। এখানেই আওয়ামী লীগ ও বিএনপির মধ্যে পার্থক্য। বাংলাদেশে গণতন্ত্র নেই দাবি করে তিনি বলেন, চূড়ান্ত সফলতা পেতে হয়তো দীর্ঘ সময় লাগতে পারে কিন্তু তারা গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠা এবং জনগণের ভোটাধিকার ও অন্য অধিকার প্রতিষ্ঠার জন্য রাজপথের আন্দোলন থেকে বিচ্যুত হবেন না। জিয়াউর রহমানের আদর্শে উদ্বুদ্ধ হয়ে আন্দোলনে এগিয়ে যাওয়ার জন্য বিএনপি নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান তিনি।

(ভোয়া ওয়েব পেজ: ১৮.০১.২০২৪ রুবাইয়া

## বাংলাদেশে করোনার নতুন ভ্যারিয়েন্ট জেএন.১ শনাক্ত

পার্শ্ববর্তী দেশ ভারতে আতঙ্ক ছড়ানো করোনাভাইরাসের নতুন ভ্যারিয়েন্ট জেএন.১ বাংলাদেশেও শনাক্ত হয়েছে। এখন পর্যন্ত পাঁচজনের নমুনা পরীক্ষায় জেএন.১ উপধরন শনাক্ত হয়েছে। বৃহস্পতিবার (১৮ জানুয়ারি) সরকারের রোগতত্ত্ব রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠানের (আইইডিসিআর) পরিচালক অধ্যাপক ডা. তাহমিনা শিরীন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, এখন পর্যন্ত পাঁচজনের নমুনা পরীক্ষায় জেএন.১ উপধরণ শনাক্ত হয়েছে। শনাক্তদের মধ্যে ঢাকা ও ঢাকার বাইরের রোগী আছেন। তবে তাদের মধ্যে কেউ দেশের বাইরে থেকে আসেননি। তারা দেশেই ছিলেন। তাহমিনা শিরীন আরও বলেন, তারা প্রত্যেকেই ভালো আছেন। এ নিয়ে উদ্বেগের কিছু নেই।

(ভোয়া ওয়েব পেজ: ১৮.০১.২০২৪ রুবাইয়া)

## টিআইবি তাদের প্রতিবেদনের মাধ্যমে গণতন্ত্রবিরোধী শক্তিকে অস্ত্র দিচ্ছে : ড. হাছান মাহমুদ

পররাষ্ট্রমন্ত্রী ও ক্ষমতাসীন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) নির্বাচনবিরোধী ও গণতন্ত্রবিরোধী শক্তির হাতে অস্ত্র তুলে দিতে দ্বাদশ জাতীয়

সংসদ নির্বাচন নিয়ে প্রতিবেদন প্রকাশ করেছে কি না তা নিয়ে সংশ্লিষ্ট মহল প্রশ্ন তুলেছে। তিনি বলেন, বিএনপি (বাংলাদেশ জাতীয়তাবাদী দল) যা বলছে আর টিআইবি যা বলছে তার মধ্যে ভাষার দিক থেকে মিল আছে বলে মনে হচ্ছে। টিআইবি নির্বাচনবিরোধী ও গণতন্ত্রবিরোধী শক্তির সহায়ক শক্তি হিসেবে কাজ করবে না, এটাই আমাদের প্রত্যাশা। বৃহস্পতিবার (১৮ জানুয়ারি) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। নিরপেক্ষ অবস্থান থেকে বিচ্যুত না হয়ে টিআইবি একটি গোষ্ঠীর মুখপাত্রে পরিণত হবে না এবং এর সুনাম সমুন্নত রাখবে বলে প্রত্যাশা করেন তিনি। হাছান মাহমুদ বলেন টিআইবির প্রতিবেদন নিয়ে প্রশ্নসহ বেশ কয়েকবার ফোন পেয়েছেন। হাছান মাহমুদ দাবি করেন টিআইবির বিভিন্ন বিষয় নিয়ে গবেষণা করার কথা থাকলেও বেশির ভাগ ক্ষেত্রেই তারা কোনো গবেষণা না করেই প্রতিবেদন প্রকাশ করে। তিনি বলেন নির্বাচন একটি উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে এবং যুক্তরাষ্ট্র, ইউরোপীয় ইউনিয়ন, কমনওয়েলথ, ওআইসি ও অন্য দেশের আন্তর্জাতিক পর্যবেক্ষকেরা এটিকে 'অবাধ ও সুষ্ঠু' বলে বর্ণনা করেছেন। হাছান মাহমুদ বলেন, মনে হচ্ছে বিএনপি নেতাদের বক্তব্য পরিশীলিত করেই টিআইবি তাদের প্রতিবেদন তৈরি করেছে। হাছান মাহমুদ বলেন আওয়ামী লীগের প্রার্থী বাতিলসহ কঠোরভাবে আইন প্রয়োগ ও অন্য ব্যবস্থা নিয়ে নির্বাচন কমিশন বলিষ্ঠ ভূমিকা দেখিয়েছে। তিনি বলেন টিআইবির প্রতিবেদনে ইসির প্রচেষ্টার কোনো মূল্যায়ন করা হয়নি।

উল্লেখ্য, বুধবার (১৭ জানুয়ারি) টিআইবি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন প্রক্রিয়া ট্র্যাকিং শীর্ষক সংবাদ সম্মেলনে উপস্থাপিত প্রতিবেদনে বলেছেনবাংলাদেশের দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন একপক্ষীয় ও পাতানো প্রতিযোগিতাপূর্ণ হয়েছে এবং অবাধ ও অন্তর্ভুক্তিমূলক হয়নি। নির্বাচনের প্রাপ্তি-অপ্রাপ্তিসহ সার্বিক অভিজ্ঞতা বাংলাদেশে গণতন্ত্র ও গণতান্ত্রিক নির্বাচনের ভবিষ্যতের জন্য অশনি সংকেত বলেও মন্তব্য করা হয়। সংবাদ সম্মেলনে নির্বাচন নিয়ে পর্যবেক্ষণ তুলে ধরেন সংস্থাটির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। তিনি বলেন, গণতান্ত্রিক নির্বাচনের ধারণা অর্থাৎ অবাধ, অংশগ্রহণমূলক, নিরপেক্ষ ও সর্বোপরি সমান প্রতিযোগিতার ক্ষেত্র নিশ্চিতের পূর্বশর্ত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিপালিত হয়নি। ইফতেখারুজ্জামান বলেন, নির্বাচনকালীন সরকারের ইস্যুতে দুই প্রধান রাজনৈতিক দলের পরস্পর বিপরীতমুখী ও অনড় অবস্থানের কারণে নির্বাচন অংশগ্রহণমূলক হয়নি। রাজনৈতিক প্রতিপক্ষহীন নির্বাচনে ক্ষমতাসীন দলের প্রার্থী একই দলের স্বতন্ত্র ও অন্য দলের সরকার সমর্থিত প্রার্থীদের যে পাতানো খেলা' সংগঠিত হয়েছে তাতেও ব্যাপক আচরণবিধি লঙ্ঘনসহ অসুস্থ ও সহিংস প্রতিযোগিতা হয়েছে। এর সঙ্গে ক্ষমতার দ্বন্দ্বের বাইরে রাজনৈতিক আদর্শ বা জনস্বার্থের সম্পর্ক খুঁজে পাওয়া কঠিন। দ্বাদশ সংসদ নির্বাচনের মাধ্যমে রাজনৈতিক অঙ্গন ও শাসনব্যবস্থার ওপর ক্ষমতাসীন দলের একচ্ছত্র নিয়ন্ত্রণ চূড়ান্ত প্রাতিষ্ঠানিকতা পেয়েছে এবং নিরঙ্কুশ ক্ষমতার জবাবদিহিহীন প্রয়োগের পথ আরও প্রসারিত হয়েছে। তিনি বলেন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বাংলাদেশে গণতন্ত্র ও গণতান্ত্রিক নির্বাচনের ভবিষ্যতের জন্য অশনি সংকেত।

ইফতেখারুজ্জামান আরও বলেন ক্ষমতাসীন রাজনৈতিক দল ক্ষমতা অব্যাহত রাখার কৌশল বাস্তবায়নের একতরফা নির্বাচন সাফল্যের সঙ্গে সম্পন্ন করেছে। এর আইনগত বৈধতা নিয়ে কোনো চ্যালেঞ্জ হয়তো হবে না হলেও টিকবে না। তবে তাদের এ সাফল্য রাজনৈতিক শুদ্ধাচার, গণতান্ত্রিক ও নৈতিকতার মানদণ্ডে চিরকাল প্রশ্নবিদ্ধ থাকবে। দেশে সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতি নিয়ন্ত্রণের নির্বাচনী অঙ্গীকার আরও বেশি অবাস্তব ও কাগুজে দলিলে পরিণত হওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে। সরকারের টানা চতুর্থ মেয়াদের সম্ভাব্য সাফল্য-ব্যর্থতা নিয়ে যতটুকু আগ্রহ থাকবে তার চেয়ে অনেক বেশি প্রাসঙ্গিক হবে শুদ্ধাচার ও নৈতিকতার মানদণ্ডে সরকারের প্রতি জনআস্থা এবং গ্রহণযোগ্যতার প্রশ্ন ও তার প্রভাব। একইসঙ্গে ক্রমাগত গভীরতর হবে দেশের গণতান্ত্রিক ও নির্বাচনী ভবিষ্যৎ নিয়ে উদ্বেগ। টিআইবির প্রতিবেদনে নির্বাচন কমিশনের ভূমিকাও তুলে ধরা হয়। এতে বলা হয়েছে নির্বাচন কমিশন সাংবিধানিক ও আইনগত বাধ্যবাধকতার নামে একতরফা নির্বাচনের এজেন্ডা বাস্তবায়নে মূল অনুঘটকের ভূমিকা পালন করেছে। অন্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, বিশেষ করে আইন প্রয়োগকারী সংস্থা এবং প্রশাসন অনুরূপভাবে একই ভূমিকা পালনে ব্যবহৃত হয়েছে। (ভোয়া ওয়েব পেজ: ১৮.০১.২০২৪ রুবাইয়া)

## রাজনৈতিক কারণে সংসদ সদস্যের সংখ্যা নিয়ে ভুল ব্যাখ্যা দেওয়া হচ্ছে : আইনমন্ত্রী আনিসুল হক

রাজনৈতিক উদ্দেশ্যে জনমনে বিভ্রান্তি তৈরি করতে বা অজ্ঞতা থেকে সংসদ সদস্যের সংখ্যা নিয়ে ভুল ব্যাখ্যা দেওয়া হচ্ছে বলে মন্তব্য করেছেন আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক। বৃহস্পতিবার (১৮ জানুয়ারি) সাংবাদিকদের প্রশ্নের জবাবে সচিবালয়ে নিজ দপ্তরে এ কথা বলেন তিনি। সংবিধানের ১২৩, ১৪৮ ও ৫৬ অনুচ্ছেদের উদ্ধৃতি দিয়ে আনিসুল হক বলেন, যারা বলছেন এখন সংসদ সদস্য সংখ্যা ৬৪৮, তারা সংবিধানকে সঠিকভাবে ব্যাখ্যা করছেন না। উদ্দেশ্যমূলক কিংবা রাজনৈতিক কারণে জনমনে বিভ্রান্তি সৃষ্টির জন্য তারা এমন বক্তব্য দিচ্ছেন। আর যদি সেটা না হয় তাহলে, তাদের সংবিধানের এই সব অনুচ্ছেদ সমন্ধে সম্যক জ্ঞান নেই। আনিসুল হক বলেন, "দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে নির্বাচিতরা এমপি হিসেবে শপথ নিলেও সংসদে তারা কার্যভার গ্রহণ করার পর থেকে রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা পাবেন। আর ২৯ জানুয়ারি (২০২৪) পর্যন্ত একাদশ জাতীয় সংসদের মেয়াদ থাকায় একাদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে নির্বাচিতরা ওই তারিখ পর্যন্ত রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা পাবেন। আনিসুল হক জানান ৩০

জানুয়ারি থেকেই নতুন সংসদ সদস্যরা এমপি হিসেবে সুযোগ-সুবিধা পাবেন। নতুন সংসদের অধিবেশন বসার পর একাদশ জাতীয় সংসদের সংসদ সদস্যদের মেয়াদ শেষ হবে।

উল্লেখ্য, বুধবার (১৭ জানুয়ারি) ঢাকার নয়াপল্টনে বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী দলটির কেন্দ্রীয় কার্যালয়ে সংবাদ সম্মেলনে বলেন, এ মুহূর্তে একাদশ সংসদের ৩৫০ জন আর ডামি দ্বাদশ সংসদের ২৯৮ জন মোট ৬৪৮ জন শপথবদ্ধ এমপি রয়েছেন। এখন রাষ্ট্রপতি সংসদ অধিবেশন ডাকলে দুই সংসদের সদস্যরাই তাতে যোগ দিতে পারেন। অথচ এটি সাংবিধানিকভাবে অবৈধ। রুহুল কবির রিজভী বলেন, ২৯ জানুয়ারি (২০২৪) একাদশ সংসদের মেয়াদ শেষ হওয়া অবধি এই অরাজকতা থাকবে। এটি একটি চরম সাংবিধানিক লঙ্ঘন। সংবিধান অনুসারে এটি রাষ্ট্রদ্রোহিতার অপরাধ। এজন্য দায়ী প্রধানমন্ত্রী। রাষ্ট্রপতিও এ দায় থেকে মুক্ত নন। ফলে অবৈধ মন্ত্রিপরিষদের কোনো অন্যায্য আদেশ-নির্দেশ দেশের জনগণ মানতে বাধ্য নয়। রুহুল  কবির বলেন, পূর্বনির্ধারিত ফলাফলের ভোট রঙ্গ ও ভোট গণনা শেষ না হতেই ডামি এমপিদের নামে গেজেট করা, শপথ গ্রহণ, মন্ত্রিপরিষদের নাম ঘোষণা, মন্ত্রীদের শপথ গ্রহণের মতো প্রক্রিয়া অভাবনীয় দ্রুততায় মাত্র চার দিনেই সম্পন্ন করা হয়েছে। তিনি বলেন, একাদশ সংসদের মেয়াদ আছে ২৯ জানুয়ারি (২০২৪) পর্যন্ত। সেই সংসদ ভেঙে না দিয়েই প্রধানমন্ত্রীর নির্দেশে দ্বাদশ সংসদের সদস্যরা অবৈধভাবে শপথ নিয়েছেন। ফলে দেশে এখন দুই সংসদের সংসদ সদস্য রয়েছেন। রুহুল কবির রিজভী আরও বলেন, সংবিধানের ৭২ (৩) অনুচ্ছেদে বলা আছে, ‘রাষ্ট্রপতি আগে সংসদ ভেঙে না দিয়ে থাকলে প্রথম বৈঠকের তারিখ থেকে পাঁচ বছর অতিবাহিত হলে সংসদ ভেঙে যাবে।’ সংবিধানের এই বিধান মতে, ২০১৯ সালের ৩০ জানুয়ারি শুরু হওয়া একাদশ সংসদের মেয়াদ শেষ হওয়ার কথা ২৯ জানুয়ারি। যেহেতু রাষ্ট্রপতি সংসদ ভেঙে দেননি, সে কারণে ২৯ জানুয়ারি পর্যন্ত একাদশ সংসদের যাঁরা সংসদ সদস্য ছিলেন, তাঁরা সংসদ সদস্য হিসেবে বহাল আছেন।

(ভোয়া ওয়েব পেজ: ১৮.০১.২০২৪ রুবাইয়া)

**পদ্মায় ফেরি ডুবির ঘটনায় দুটি তদন্ত কমিটি গঠন**

পদ্মা নদীর দৌলতদিয়া-পাটুরিয়া নৌপথের পাটুরিয়ায় ফেরি ডুবির ঘটনায় পৃথক দুটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন করপোরেশন (বিআইডব্লিউটিসি) একটি কমিটি গঠন করেছে। আরেকটি মানিকগঞ্জের জেলা প্রশাসক রেহানা আক্তার গঠন করেন। প্রতি কমিটি পাঁচজন সদস্য নিয়ে গঠিত হয়েছে। দুই কমিটিকেই ৫ দিনের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন করপোরেশনের (বিআইডব্লিউটিসি) আরিচা আঞ্চলিক কার্যালয়ের উপ-মহাব্যবস্থাপক (বাণিজ্য) শাহ মো. খালেদ নেওয়াজ জানান, বাল্কহেডের ধাক্কায় পিকআপ ও কাভার্ডভ্যান নিয়ে 'রজনীগন্ধা' নামের ফেরিটি বুধবার (১৭ জানুয়ারি) সকাল ৮টা ১৬ মিনিটের দিকে নদীতে ডুবে যায়। তিনি বলেন, ঘন কুয়াশার কারণে দৃশ্যমানতা কম থাকায় এ দুর্ঘটনা ঘটেছে। ঘটনার পর স্থানীয় ফায়ার সার্ভিসের ডুবুরি দল বাংলাদেশ নৌ বাহিনীর সহায়তায় ২০ জনকে নদী থেকে উদ্ধার করে। তবে এখনো নিখোঁজ রয়েছেন ফেরির দ্বিতীয় চালক হুমায়ুন কবির (৩৯)।

(ভোয়া ওয়েব পেজ: ১৮.০১.২০২৪ রুবাইয়া)

## রেডিও তেহরান

**টিআইবিকে সরকার বিরোধী ও বিএনপির দালাল বললেন ওবায়দুল কাদের**

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, টিআইবিকে সরকার বিরোধী এবং বিএনপির দালাল বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। আজ সকালে ধানমন্ডির কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। আরও জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি :

টিআইবি সরকার বিরোধী, তাদেরকে বিএনপির দালাল বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। আজ বৃহস্পতিবার সকালে আওয়ামী লীগ সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে একথা বলেন তিনি। আওয়ামী লীগের এই শীর্ষ নেতা আরো বলেন, টিআইবির প্রত্যেকটা কথা একপেশে। গবেষণা নিয়ে কাজ করলেও তাদের গবেষণায় কোনো নিরপেক্ষতা খুঁজে পাওয়া যাচ্ছে না। এছাড়া, উপজেলা নির্বাচনে আওয়ামী লীগ দলীয় প্রতীক দেবে কি না এ প্রশ্নে ওবায়দুল কাদের বলেন, দলের স্থানীয় প্রতিনিধি মনোনয়ন বোর্ডে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। কাদের বলেন, টিআইবি সবসময় আওয়ামী লীগ বিরোধী ছিল। সবসময় তারা  বিএনপির পক্ষে কাজ করেছে তারা। গবেষণা নিয়ে কাজ করে তারা। কিন্তু তাদের গবেষণায় কখনই নিরপেক্ষতা খুঁজে পাওয়া যায় না। টিআইবি বলেছিল পদ্মা সেতু অসম্ভব। সিপিডিও একই মন্তব্য করেছিল। কিন্তু বাস্তবতা বাংলাদেশের জনগণ দেখেছে (স্বকণ্ঠে): টিআইবি বিএনপি'র দালাল তাদের প্রত্যেকটা কথা, তাদের বক্তব্য একপেশে। একটা পক্ষের ওকালতি করে তারা আর সরকারের বিরুদ্ধে যখন যা খুশি তাই বলে। বাংলাদেশে গণতন্ত্র অপরিহার্য কি না এমন প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, ক্ষমতায় যাওয়া, ক্ষমতা থেকে সরে যাওয়া-এই পদ্ধতির নামই হচ্ছে পলিটিক্স। পলিটিক্স কীভাবে পরিচালিত হবে এর উত্তম ব্যবস্থা বিশ্বস্বীকৃত গণতন্ত্র। কাজেই এর কোনও বিকল্প নেই।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৮.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## নির্বাচন ব্যবস্থার উপর জনগণের আস্থা নষ্ট হয়ে গেছে : সিইসি

নির্বাচন ব্যবস্থার উপর জনগণের আস্থা নষ্ট হয়ে গেছে বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল। তিনি বলেছেন, নির্বাচন নিয়ে রাজনৈতিক নেতৃত্বের একটি পদ্ধতি খুঁজে বের করা প্রয়োজন। আজ নির্বাচন ভবনের অডিটোরিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সিইসি একথা বলেন। কাজী হাবিবুল্লাহ বলেন, আমার ভোট কি আমি দিতে পারবো! ভোট দিলে কি এটা ওখানেই পড়বে, না কি ফিরে এসে এক জায়গায়ই পড়বে! আস্থা নষ্ট হয়ে যাওয়ার কারণে এই ধরনের অবান্তর যুক্তির অবতারণা করা হয়েছে। আমি বলব নির্বাচন ব্যবস্থার উপরে জনগণের আস্থা অনেকটা কমে গেছে নির্বাচন পদ্ধতিতে যদি আরও বেশি সংস্কার আনা যায়, যেখানে দৃশ্যমান হবে আরও বেশি স্বচ্ছতা ও নির্ভরযোগ্যতা প্রতিষ্ঠিত হবে। তাহলে হয়তো আগামী নির্বাচনগুলো জনগণের বেশি কাছে আরো বেশি গ্রহণযোগ্যতা পাবে। সিইসি বলেন, কোন নির্বাচন বিতর্কের উর্ধ্বে উঠতে পারেনি। এবারকার যে নির্বাচনটা নিয়ে খুব সন্তুষ্টবোধ করছি সেটাও বিতর্কের উর্ধ্বে যেতে পারেনি।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৮.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## বাংলাদেশের ১০ জেলায় শৈত্যপ্রবাহ, স্কুল বন্ধ উত্তরাঞ্চলের অনেক এলাকায়

বাংলাদেশের ১০ জেলায় চলছে শৈত্যপ্রবাহ। এতে বিপাকে পড়েছেন খেটে খাওয়া মানুষ। এখন জানানো হচ্ছে ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধির পাঠানো প্রতিবেদন :

মাঘের প্রথম সপ্তাহে হাড় কাঁপানো শীতের সঙ্গে যুক্ত হয়েছে অসময়ের বৃষ্টি। আর এ দুইয়ে মিলেই বিপর্যস্ত হয়ে পড়েছে বাংলাদেশের মানুষের জনজীবন। বিপাকে পড়েছেন, খেটে খাওয়া মানুষ। দেশের ১০ জেলায় চলছে শৈত্যপ্রবাহ। শীতের তীব্রতায় চুয়াডাঙ্গা ও কুড়িগ্রামের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয়েছে। পঞ্চগড়ে ১০ ডিগ্রির নিচে তাপমাত্রা নামায় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠদানও বন্ধ ঘোষণা করেছে স্থানীয় প্রশাসন। দেশের দক্ষিণাঞ্চল বরিশালে গুঁড়িগুঁড়ি বৃষ্টির সাথে মাঘের হাড় কাঁপানো শীতে নাকাল হয়ে পড়েছে স্থানীয় মানুষ।

ব্যক্তি-১ (স্বকণ্ঠে) : বৃষ্টির কারণে কাম-কাজ বন্ধ। কিছু করতে পারি নাই। গতবারের তুলনায় এ বছর শীত প্রচুর বেশি। ব্যক্তি-২ (স্বকণ্ঠে) : সকাল থেকে এই পর্যন্ত বৃষ্টি এজন্য কেউ কর্ম-কাজে যাইতে পারে নাই।

আজ বৃহস্পতিবার সকাল থেকে দুপুর ১২টা পর্যন্ত বরিশালে ৫ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। এদিকে, গত ৬ দিনে প্রচণ্ড ঠাণ্ডায় পাঁচ শিশুর মৃত্যুর খবর পাওয়া গেছে। ঝিনাইদহে শীতের মাঝে অসময়ের বৃষ্টি ছন্দপতন ঘটিয়েছে জনজীবনের। গতরাতে হালকা বৃষ্টি হলেও ভোর থেকে গুড়ি গুড়ি বৃষ্টি শুরু হয়েছে। শীতের পাশাপাশি বৃষ্টি ভোগান্তি বাড়িয়েছে দ্বিগুণ। সড়ক, মহাসড়কে কমেছে মানুষের উপস্থিতি। বৃষ্টির কারণে কাজে বের হতে পারছেন না নিম্ন ও মধ্য আয়ের খেটে খাওয়া মানুষ। জনৈক ব্যক্তি (স্বকণ্ঠে) : সপ্তাহখানেক শীতের তীব্রতা বেড়ে গেছে। সকাল থেকেই সূর্যের দেখা নেই। গত বছরের চেয়ে এই বছর শীত খুবই বেশি। আমরা কেউ সকাল থেকে ঘরের বাইরে যেতে পারছি না। কুড়িগ্রাম ও চুয়াডাঙ্গায় শৈত্য প্রবাহ বয়ে যাওয়ায় সকল প্রাথমিক ও উচ্চ ম্যাধমিক বিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন, জেলা প্রশাসক মোহাম্মদ সাঈদুল আরিফ ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. নবেজ উদ্দিন। আজ কুড়িগ্রামের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ৯ ডিগ্রি সেলসিয়াস। পাবনায় মৃদু শৈত্যপ্রবাহে বিপর্যস্ত হয়ে পড়েছে জনজীবন। সকাল থেকে সূর্যের দেখাই পায়নি সেখানকার মানুষ। ঘন কুয়াশা আর কনকনে ঠাণ্ডায় নাকাল সাধারণ মানুষের অবস্থা। জনৈক ব্যক্তি (স্বকণ্ঠে) : দুইদিন কুয়াশায় গাড়ি চালাতে পারি নাই, হেডলাইন জ্বালিয়ে গাড়ি চালাই। আজকে আবার হচ্ছে বৃষ্টি। গাড়ি কীভাবে চালাবো, খুব কষ্ট হচ্ছে শীতের ভিতরে। খুব ঠাণ্ডা। এদিকে, প্রতিদিনই পাবনা জেনারেল হাসপাতালে ঠাণ্ডাজনিত রোগে শিশু ও বয়স্করা ভর্তি হচ্ছেন। উত্তর-পশ্চিম থেকে বয়ে আসা পাহাড়ি হিম বাতাসে, পঞ্চগড়ের জনজীবনও স্থবির হয়ে পড়েছে।

(রে. তেহরান : ২০৩০ ঘ. ১৮.০১.২০২৪, বাদশা রহমান, এলিনা)

# ডয়চে ভেলে

## টিআইবি বিএনপির দালাল : ওবায়দুল কাদের

টিআইবি-কে 'বিএনপির দালাল' বলেছেন সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, বিএনপি নেতা রিজভী আহমেদ প্রেস কনফারেন্সে যে কথাগুলো বলেন, সেগুলোই একটু পরিশীলিতভাবে উপস্থাপন করেছে টিআইবি। বৃহস্পতিবার (১৮ জানুয়ারি) ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে ওবায়দুল কাদের বলেন,''টিআইবি হচ্ছে বিএনপির দালাল। তাদের প্রত্যেকটা কথা, তাদের বক্তব্য একপেশে। একটা পক্ষে ওকালতি করে তারা। আর সরকারের বিরুদ্ধে যখন যা খুশি তাই বলে। তারা সরকারবিরোধী।" বিএনপি ও টিআইবির সমালোচনা করে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী আরো বলেন, ''যে ভাষায় বিএনপি কথা বলে, একই ভাষায় টিআইবি কথা বলে। ইতিহাস থেকে আমরা এটাই উপলব্ধি করি, টিআইবি সব সময় আওয়ামী লীগ-বিরোধী। সব সময় দেখা গেছে, বিএনপির পক্ষপাতিত্ব তারা করে।"

পদ্মা সেতু নির্মাণের আগে বিশ্ব ব্যাংকের দুর্নীতির অভিযোগ তোলার সময় টিআইবির ভূমিকার প্রসঙ্গ টেনে ওবায়দুল কাদের বলেন, "এই টিআইবি বলেছিল, পদ্মা সেতু অসম্ভব এবং সিপিডিও (সেন্টার ফর পলিসি ডায়ালগ) একই

মন্তব্য করেছিল। কিছু কিছু বিষয় আছে, আমরা জবাব দেই রাজনৈতিকভাবে। দেশের মানুষের পারসেপশন যাতে ভিন্ন খাতে না যেতে পারে, সেজন্য আমাদের কথা বলতে হয়।" টিআইবির বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে কি না জানতে চাইলে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেন, ''তারা একপেশে পক্ষপাতিত্ব করে, সেটা বলছি; সব ব্যাপারে কি মামলা ঠুকে দিতে হবে ?" তিনি আরো বলেন, ''আমরা একটা রাজনৈতিক দল। আমাদের পার্টির এই নির্বাচনকে সামনে রেখে একটা কৌশল ছিল, রাজনীতিতে রণকৌশল থাকবেই, আমরা একটা রণকৌশল অবলম্বন করেছি। ভেতরে দ্বন্দ্ব, অন্তঃকলহ এগুলো আওয়ামী লীগে নতুন হচ্ছে, এমন নয়। সব রাজনৈতিক দলেরই এসব ব্যাপার সুখকর নয়। এটার সমাধান আবার সেই দলই করে।"
বৃহস্পতিবার দুপুরে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ তার দপ্তরে এক সংবাদ সম্মেলনে বলেন, ''বিএনপির ভাষা আর টিআইবির ভাষা মিলে গেছে। রিজভী আহমেদ প্রতিদিন প্রেস কনফারেন্স করে যে কথাগুলো বলেন, সেগুলোকে একটু পরিশীলিতভাবে গতকাল টিআইবি উপস্থাপন করেছে বলেই মনে হচ্ছে। বেশির ভাগ ক্ষেত্রে টিআইবি গবেষণা না করেই শ্যালো কিছু বিষয় বা পত্রিকার রিপোর্ট এবং তড়িঘড়ি করে কিছু তথ্য-উপাত্ত সংগ্রহ করে সেটার ভিত্তিতেই প্রেস ব্রিফিং করে। গতকালেরটা আমার সেরকম মনে হয়েছে।" পররাষ্ট্রমন্ত্রী বলেন, ''দেশি-বিদেশি পর্যবেক্ষকেরা বলছেন অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ, সুন্দর আর স্বচ্ছ নির্বাচন হয়েছে, সেটিকে ম্লান করার উদ্দেশ্যে টিআইবি এই রিপোর্ট দিয়েছে। বিভিন্ন দেশ নতুন সরকারের সঙ্গে কাজ করার জন্য ইচ্ছা প্রকাশ করেছে। পৃথিবীর শক্তিধর দেশ থেকে শুরু করে বিভিন্ন দেশ। নতুন সরকারকে অনেকে অভিনন্দন জানিয়েছে। আবার অনেকে এই সরকারের সঙ্গে কাজ করার ও সম্পর্ক আরো দৃঢ় করার অভিপ্রায় ব্যক্ত করেছে। আমরা সেই লক্ষ্য নিয়েই কাজ করছি-" এমন দাবি করে পররাষ্ট্রমন্ত্রী বলেন, ''(টিআইবির)এই রিপোর্ট আসলে কারও পক্ষ হয়ে দেওয়া হয়েছে কিনা, সেই প্রশ্ন রেখেছেন অনেকেই। কারণ, বিএনপির ভাষা আর টিআইবির ভাষা মিলে গেছে। রিজভী আহমেদ প্রতিদিন প্রেস কনফারেন্স করে যে কথাগুলো বলেন, সেগুলোকে একটু পরিশীলিতভাবে গতকাল টিআইবি উপস্থাপন করেছে বলে মনে হচ্ছে।" পররাষ্ট্রমন্ত্রী আরো বলেন, ''সমালোচকসহ যারা এই নির্বাচন বর্জন করেছে, প্রতিহত করেছে, প্রতিহত করতে চেয়েছে, প্রতিহত করার অপচেষ্টা চালিয়েছে এবং নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করার জন্য এখনো চেষ্টা চালাচ্ছে-তাদের মুখে অস্ত্র তুলে দেওয়ার জন্য এই রিপোর্ট প্রকাশ করা হয়েছে বলে অনেকেই বলছেন।" পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের মতে, টিআইবির প্রতিবেদনে নেতিবাচক দৃষ্টিভঙ্গি প্রকাশিত হয়েছে, কারণ,''নির্বাচন কমিশন যেভাবে কঠোরভাবে, সুন্দরভাবে নির্বাচন পরিচালনা করেছে; সেটির বিন্দুমাত্র প্রশংসা টিআইবির রিপোর্টে নাই।"
বৃহস্পতিবারের সংবাদ সম্মেলনে হাছান মাহমুদ আরো বলেন, ''নাগরিক সমাজের যে প্রতিষ্ঠানগুলো সরকারের ভুল-ত্রুটি উপস্থাপন করে, সরকারের সমালোচনা করে আমরা সেগুলোকে সমাদৃত করার সংস্কৃতি লালন করি। কিন্তু যখন রিপোর্ট কারো পক্ষে হয়, যখন রিপোর্ট হয় উদ্দেশ্যপ্রণোদিত, তখন সেটি রাষ্ট্র, সমাজ, সরকার কারোরই উপকারে আসে না। সেটি তখন বিশেষ কেনো গোষ্ঠীর মুখপাত্র হয়ে দাঁড়ায়।টিআইবি যেন বিশেষ কোনো গোষ্ঠীর, নির্বাচনবিরোধী অপশক্তির বা গণতন্ত্রবিরোধী অপশক্তির মুখপাত্র না হয়, সেটি আমাদের প্রত্যাশা, আমাদের কামনা।"
বুধবার (১৭ জানুয়ারি) টিআইবি আয়োজিত 'দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন প্রক্রিয়া ট্র্যাকিং' শীর্ষক এক সংবাদ সম্মেলনে নির্বাচন নিয়ে পর্যবেক্ষণ তুলে ধরেন টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান। সংস্থাটি এক প্রতিবেদনে বলেছে, "এবারের নির্বাচন অবাধ ও অন্তর্ভুক্তিমূলক হয়নি। এ নির্বাচন বাংলাদেশের গণতন্ত্র ও গণতান্ত্রিক নির্বাচনের ভবিষ্য বিবেচনায় অশনিসংকেত বলে আমরা মনে করি।" সেখানে আরো বলা হয়, ''বিশেষ করে এটি আমাদের মুক্তিযুদ্ধ ও গৌরবময় স্বাধীনতার যে চেতনা ও স্বপ্ন তার সাথে সাংঘর্ষিক।" ভোট প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ও অংশগ্রহণমূলক দেখাতে নিজ দলীয় স্বতন্ত্র প্রার্থী দেওয়া হলেও বেশির ভাগ আসনে নির্বাচন প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ হয়নি- সংবাদ সম্মেলনে এমন মন্তব্যও করেন টিআইবির নির্বাহী পরিচালক ইফতেখারুজ্জামান।
(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৮.১.২৪ রিহাব)

## জাপার পার্লামেন্টারি নেতা নির্বাচিত হয়েছেন জি এম কাদের

জাতীয় পার্টির (জাপা) বিরোধী দলীয় নেতা নির্বাচিত হয়েছেন দলটির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের। আজ (১৮ জানুয়ারি) জাতীয় সংসদ ভবনের বিরোধী দলীয় উপনেতার কার্যালয়ে জাপার সংসদীয় দলের সভায় তাকে নির্বাচিত করা হয়। সংসদের বিরোধী দলের উপনেতা হিসেবে নির্বাচিত হয়েছেন জাপার সিনিয়র কো-চেয়ারম্যান ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ এবং চিফ হুইপ নির্বাচিত হয়েছেন দলের মহাসচিব মো. মুজিবুল হক চুন্নু।
প্রচলিত নিয়ম অনুসারে, জাতীয় পার্টির সংসদীয় দলের এই মনোনয়নের চিঠি পাওয়ার পর স্পিকার তাতে অনুমোদন দিলে তবেই বিষয়টি কার্যকর হবে। দ্বাদশ সংসদে প্রধান বিরোধী দল কারা হবে সে আলোচনার মাঝেই ১১টি আসন পাওয়া জাতীয় পার্টি তাদের চেয়ারম্যান জি এম কাদেরকে বিরোধী দলীয় নেতা হিসেবে মনোনীত করেছে। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ২২৩টি আসনে জয় পেয়েছে ক্ষমতাসীন আওয়ামী লীগের নৌকার প্রার্থীরা। এই নিরঙ্কুশ জয়ে টানা চতুর্থবারের মত সরকার গঠন করেছে আওয়ামী লীগ। দ্বিতীয় সর্বোচ্চ আসন পেয়েছেন স্বতন্ত্র প্রার্থীরা। ৬২ আসনে বিজয়ী হওয়া স্বতন্ত্র প্রার্থীদের ৫৯ জনই আওয়ামী লীগের নেতা। দশম ও একাদশ সংসদে প্রধান বিরোধী দলের আসনে বসা জাতীয় পার্টি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ১১টি আসনে জয় পেয়েছে। অপরদিকে আওয়ামী লীগের

নেতৃত্বাধীন ১৪ দলের শরিকদের মধ্যে জাসদ একটি, ওয়ার্কার্স পার্টি একটি ও কল্যাণ পার্টি একটি করে আসন পেয়েছে। সাধারণত আসন সংখ্যায় সংসদের দ্বিতীয় বৃহত্তম দল যাকে নেতা নির্বাচিত করবে, তিনিই বিরোধীদলীয় নেতার আসন পাবেন। তার দলই হবে সংসদের প্রধান বিরোধী দল। গত দুটি নির্বাচনের মত এবারও দলীয়ভাবে দ্বিতীয় সর্বোচ্চ আসন পেয়েছে জাতীয় পার্টি। সে কারণে তারা দাবি করছে, দ্বাদশ সংসদে প্রধান বিরোধী দল তারাই। কিন্তু জাতীয় পার্টির চেয়ে প্রায় ছয় গুণ আসনে স্বতন্ত্র প্রার্থীরা জয়ী হওয়ায় এবার এ সমীকরণ জটিল হয়ে গেছে। প্রশ্ন উঠেছে, স্বতন্ত্ররা জোট করে প্রধান বিরোধী দল হতে পারবে কি না। আইন ও সংবিধান বিশেষজ্ঞরাও সে সম্ভাবনার কথা একদম উড়িয়ে দিচ্ছেন না। আইনত তা হওয়ার সম্ভাবনা রয়েছে বলে তারা মনে করছেন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৮.১.২৪ রিহাব)

## এনএইচকে

### শিক্ষার্থীরা সাময়িকভাবে ভূমিকম্প-বিধ্বস্ত এলাকা থেকে সরে যাচ্ছে

নববর্ষের দিন আঘাত হানা শক্তিশালী ভূমিকম্পের কারণে কয়েকশ শিক্ষার্থী সাময়িকভাবে জাপানের মধ্যাঞ্চলের ইশিকাওয়া জেলা ছেড়ে চলে যাচ্ছে। অবকাঠামো পুনর্নির্মাণের জন্য যে পরিমাণ সময়ের প্রয়োজন সেই হিসাবের ভিত্তিতে কর্মকর্তারা অন্যান্য অধিবাসীদেরও স্থানান্তরিত হতে উৎসাহিত করছেন। শিক্ষার্থীদের মধ্যে একজন হলেন ওয়াজিমা শহরের একটি জুনিয়র হাই স্কুলের মিয়াওয়াকি মিযুকি। হাইস্কুলে ভর্তি হওয়ার জন্য মার্চ মাসে পরীক্ষা দেওয়ার পরিকল্পনা করছেন তিনি। তার বর্তমান স্কুলটিকে এক জরুরি আশ্রয় কেন্দ্র হিসেবে ব্যবহার করায়, তিনি তার পরিবার ছেড়ে গাড়িতে দুই ঘণ্টা দূরের পথে অবস্থিত হাকুসান শহরে সরে যাওয়ার সিদ্ধান্ত নেন। এই পদক্ষেপ নিয়ে তিনি কিছুটা চিন্তিত হওয়ার কথা স্বীকার করলেও একই সাথে এটাও বলেন যে সেখানকার স্থাপনাটি সুসজ্জিত। দল বেঁধে নিরাপদ স্থানে সরে যাওয়া প্রায় দুই মাস ধরে চলবে বলে আশা করা হচ্ছে। ওয়াজিমা স্কুলের শিক্ষকরা নতুন স্থানে শিক্ষার্থীদের দায়িত্ব গ্রহণ করবেন। মিযুকির বাবা মানাবু বলেছেন, তিনি কেবল ছেলেকে তার সর্বাত্মক চেষ্টা চালানোর কথাই বলতে পারেন। তিনি বলেন, তার ছেলে "কিছুটা পরিণত হবে এবং ফিরে আসবে" বলে তার প্রত্যাশা। উল্লেখ্য, ১৫ হাজারের বেশি মানুষ এখনও স্কুল জিমনেসিয়াম এবং কমিউনিটি সেন্টার-এর মত অস্থায়ী আশ্রয়কেন্দ্রে অবস্থান করছেন। (এনএইচকে ওয়েব পেজ: ১৮.০১.২০২৪ রুবাইয়া)

## রেডিও টুডে

### প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ২৭ দেশের জোট ইউরোপীয় ইউনিয়নের হেড অফ ডেলিগেশন এবং রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি। বৃহস্পতিবার সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে তাদের মধ্যে বৈঠক অনুষ্ঠিত হয়। এ সময় তারা স্বার্থ সংশ্লিষ্ট বিষয় এবং দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক এবং বৈশ্বিক সংকট নিয়ে আলোচনা করেন। বৈঠকের পর চার্লস সামাজিক যোগাযোগ মাধ্যমে এক্স বার্তায় বলেন, বৈশ্বিক ও দ্বিপাক্ষিক নানা বিষয় নিয়ে আলোচনা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০১.২৪ এলিনা)

### টিআইবি বিএনপির দালাল : ওবায়দুল কাদের

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, টিআইবি বিএনপির দালাল বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। বৃহস্পতিবার সচিবালয়ে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। এ সময় সেতু মন্ত্রী বলেন টিআইবি বিএনপি'র ভাষায় কথা বলে। রাজনৈতিকভাবে মোকাবেলা হবে এসব বিরোধী শক্তিকে। ওবায়দুল কাদের বলেন, সব রাজনৈতিক দলের মতো আওয়ামী লীগেও ভেতরে দ্বন্দ্ব আছে এবং সব দ্বন্দ্ব মিটিয়ে এগিয়ে যাবে আওয়ামী লীগ। ওবায়দুল কাদের আরো বলেন, বিএনপি'র হরতাল-অবরোধ রাজনীতিতে এখন মরচে ধরা হাতিয়ার। তাদের কর্মসূচি এখন জনগণ পাত্তা দেয় না। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০১.২৪ এলিনা)

### শিগগিরই চালের দাম সহনীয় পর্যায়ে আনার আশ্বাস দিয়েছেন খাদ্যমন্ত্রী

শিগগিরই চালের দাম সহনীয় হবে বলে জানিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। তিনি বলেছেন, ইতোমধ্যে চালের দাম কমতে শুরু করেছে। আজ বৃহস্পতিবার মন্ত্রণালয়ে সাংবাদিকদের এসব কথা বললেন খাদ্যমন্ত্রী। তিনি আরো বলেন, নির্বাচনের সময় থেকে মন্ত্রিসভা গঠন পর্যন্ত সময়ের সুযোগ নিয়েছে ব্যবসায়ীরা। চালের দাম ইতোমধ্যে কমতে শুরু করেছে। শিগগিরই চালের দাম সহনীয় পর্যায়ে চলে আসবে।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০১.২৪ এলিনা)

### আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৮ ডিগ্রি সেলসিয়াস

রাজধানীসহ দেশের বিভিন্ন জেলায় গুড়ি গুড়ি বৃষ্টিতে বেড়েছে শীতের তীব্রতা। আবহাওয়া অফিস বলছে, খুলনা, বরিশাল ও রাজশাহী বিভাগে বাড়তে পারে বৃষ্টি। এদিকে, আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে দিনাজপুরে ৮ ডিগ্রি সেলসিয়াস। এই অঞ্চলে বইছে মৃদু শৈতপ্রবাহ। আর রাজধানীতে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৩ ডিগ্রি সেলসিয়াস। আবহাওয়া অফিস জানিয়েছে, পুরো জানুয়ারি জুড়েই থাকবে শীতের তীব্রতা। আগামী শনিবার পর্যন্ত দেশের বিভিন্ন জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে। এই বৃষ্টিপাতের কারণে শীতের দাপট

বাড়লেও মেঘ কেটে গিয়ে সূর্যের তাপ বেড়ে জনজীবনে কিছুটা স্বস্তি ফিরবে। আবহাওয়া অফিসের সিনিয়র আবহাওয়াবিদ ডক্টর শামীম হোসেন ভূঁইয়া সংবাদ মাধ্যমকে বলেন, আগামী তিনদিন খুলনা, বরিশাল ও রাজশাহী বিভাগের বিভিন্ন জায়গায় বৃষ্টি বাড়তে পারে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০১.২৪ এলিনা)

## পণ্য মজুদ করে দাম বৃদ্ধির চেষ্টা করলে কঠোর ব্যবস্থা নেবে সরকার

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম বলেছেন, যারা সৎভাবে ব্যবসা করবে তাদের সব ধরনের সহায়তা করা হবে। তবে যারা মজুতদারী করে পণ্যের দাম বৃদ্ধির চেষ্টা করবে তাদের বিরুদ্ধে কঠোর হতে সরকার একটুও পিছপা হবে না। বৃহস্পতিবার সকালে রাজধানীর তাজমহল রোডে সরকারি সংস্থা ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ-টিসিবির মাধ্যমে এক কোটি পরিবার কার্ডধারীর মধ্যে চলতি জানুয়ারি মাসের পণ্য বিক্রি কার্যক্রম উদ্বোধনের সময় বাণিজ্য প্রতিমন্ত্রী এসব কথা বলেন। এ সময় টিসিবির কার্যক্রমকে আরো বিস্তৃত করা হবে বলে জানান বাণিজ্য প্রতিমন্ত্রী।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০১.২৪ এলিনা)

## ঘন কুয়াশার কারণে দেশের বিভিন্ন বিমানবন্দরে ফ্লাইট ওঠা-নামায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে

ঘন কুয়াশার কারণে দেশের বিভিন্ন বিমানবন্দর থেকে গত কয়েকদিন ধরেই বিভিন্ন ফ্লাইট ঘুরিয়ে দেওয়ার ঘটনা ঘটছে। বুধবার মধ্যরাত থেকে বৃহস্পতিবার সকাল পর্যন্ত কুয়াশার কারণে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করতে পারেনি তিনটি ফ্লাইট। কুয়াশার কারণে ঢাকা বিমানবন্দরের রানওয়ে দেখতে না পেরে এসব ফ্লাইটের একটি যায় ভারতের মুম্বাই এবং অন্য দুটি কলকাতা ও চট্টগ্রামে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নির্বাহী পরিচালক মো. কামরুল ইসলাম এই তথ্য জানিয়েছেন।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০১.২৪ এলিনা)

## সারা দেশে থানা ও আদালতের অরক্ষিত মামলাগুলোর বিষয়ে তথ্য জানতে চেয়েছেন আদালত

সারাদেশের থানা ও আদালতে অরক্ষিত অবস্থায় পড়ে থাকা মামলাগুলোর আলামত কী অবস্থায় আছে, তার তথ্য জানতে চেয়ে আদেশ দিয়েছেন হাইকোর্ট। বৃহস্পতিবার হাইকোর্টের বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মোহাম্মদ আতাবুল্লাহর সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। আদেশে আগামী দুই মাসের মধ্যে এ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করতে পুলিশের মহাপরিদর্শককে নির্দেশ দিয়েছেন আদালত।

(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০১.২৪ এলিনা)

## প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে ইইউ

টানা চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছে ইউরোপীয় ইউনিয়ন। একই সঙ্গে বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্ব ও সহযোগিতাকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দিয়েছে সংস্থাটি। বৃহস্পতিবার সকালে গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করে এসব কথা বলেন ঢাকায় নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি। বাংলাদেশ সংবাদ সংস্থা বাসস এর এক প্রতিবেদনে এসব তথ্য জানা গেছে। বৈঠককালে তারা স্বার্থ সংশ্লিষ্ট বিষয় এবং দ্বিপাক্ষিক, বহুপাক্ষিক এবং বৈশ্বিক সংকট নিয়ে আলোচনা করেন বলে প্রতিবেদনে বলা হয়। বৈঠকের পর চার্লস হোয়াইটলি সামাজিক যোগাযোগ মাধ্যমে এক্সবার্তায় বলেছেন বৈশ্বিক ও দ্বিপাক্ষিক নানা ইস্যু নিয়ে আলোচনা হয়েছে।

(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৮.০১.২০২৪ আসাদ)

## নির্বাচন নিয়ে বিএনপি ও টিআইবির ভাষা একই রকম : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, নির্বাচন নিয়ে টিআইবি যে প্রতিবেদন দিয়েছে তাতে বিএনপি'র ও টিআইবির ভাষা মিলে গেছে। বৃহস্পতিবার পররাষ্ট্র মন্ত্রণালয় সাংবাদিকের সঙ্গে আলাপ করে তিনি এ কথা বলেন। এ সময় পররাষ্ট্রমন্ত্রী আরও বলেন, যেভাবে নির্বাচন কমিশন কঠোরভাবে ও সুন্দরভাবে নির্বাচন পরিচালনা করেছে সেটির বিন্দুমাত্র প্রশংসা টিআইবির রিপোর্টে নেই।(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৮.০১.২০২৪ আসাদ)

## আরো চারটি মামলায় জামিন পেয়েছেন আমির খসরু

বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী আরো চারটি মামলায় জামিন পেয়েছেন। এ নিয়ে ছয়টি মামলায় জামিন পেলেন তিনি। ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক তোফাজ্জল হোসেন বৃহস্পতিবার চার মামলায় আমির খসরুর জামিনের আবেদন মঞ্জুর করে আদেশ দেন।

(রেডিও টুডে :১৮৪৫ ঘ. ১৮.০১.২০২৪ আসাদ)

## দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন তুলনামূলক ভালো হয়েছে : সিইসি

প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল দাবি করেছেন স্বাধীনতার পর থেকে কোন নির্বাচনই বিতর্কের উর্ধ্বে ছিল না। দ্বাদশ সংসদ নির্বাচনও নয়। তবে এই নির্বাচন তুলনামূলক ভালো হয়েছে। বৃহস্পতিবার নির্বাচন ভবনে দ্বাদশ

জাতীয় সংসদ নির্বাচন সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করায় ধন্যবাদ জ্ঞাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে যোগ দিয়ে এসব কথা বলেন সিইসি। এসময় তিনি দাবি করেন দ্বাদশ সংসদ নির্বাচন সফলভাবে সম্পন্ন হওয়ায় জাতি একটি চলমান সংকট থেকে উঠে এসেছে।

(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৮.০১.২০২৪ আসাদ)

## দেশে সংসদ সদস্যের সংখ্যা নিয়ে বিতর্ক সৃষ্টি করা হচ্ছে : আইনমন্ত্রী

সংসদ সদস্যের সংখ্যা নিয়ে উদ্দেশ্যমূলকভাবে জনমতে বিভ্রান্তি সৃষ্টির চেষ্টা চলছে বলে মন্তব্য করেছেন আইনমন্ত্রী আনিসুল হক। বৃহস্পতিবার দুপুরে সচিবালায়ে তিনি এই মন্তব্য করেন। আইনমন্ত্রী দাবি করেন, দেশে একসঙ্গে ৬৪৮ জন সংসদ সদস্য রয়েছে বলে যে বিতর্ক উঠেছে তা ঠিক নয়।(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৮.০১.২০২৪ আসাদ)

## দেশে দাম বাড়ার একদিন পর আবার কমলো স্বর্ণের দাম

রেকর্ড দাম বাড়ানোর একদিন পর সোনার দাম কমানোর ঘোষণা দিয়েছেন জুয়েলারি ব্যবসায়ীরা। প্রতি ভরিতে কমানো হয়েছে সর্বোচ্চ ১,৭৫০ টাকা। ফলে ভালো মানের অর্থাৎ ২২ ক্যারেটের এক ভরি সোনার দাম ১ লাখ ১০ হাজার ৬৯১ টাকা। বৃহস্পতিবার বাংলাদেশ জুয়েলার্স সমিতি বাজুসের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানায়। নতুন দাম আগামীকাল শুক্রবার থেকে কার্যকর হবে।(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৮.০১.২০২৪ আসাদ)

## দেশে আবারো করোনার টিকা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার

দেশে আবারো করোনার সংক্রমণ বাড়তে থাকায় টিকা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এর জন্য ফাইজার এর প্রথম, দ্বিতীয় ও বুস্টার ডোজ টিকা দেওয়ার কার্যক্রম শিগগিরই শুরু করতে হবে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। স্বাস্থ্য অধিদপ্তরের কোভিড-১৯ টিকা ব্যবস্থাপনা টাস্ক ফোর্স কমিটির সদস্য সচিব ডাক্তার মো. নিজাম উদ্দিনের সই করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই নির্দেশনা দেয়া হয়েছে।(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৮.০১.২০২৪ আসাদ)

## জীবনে কোন অনিয়ম করিনি : স্বাস্থ্যমন্ত্রী

জীবনে কোন অনিয়ম করেননি বলে দাবি করেছেন স্বাস্থ্যমন্ত্রী ডাক্তার সামন্ত লাল সেন। তিনি বলেছেন, কোথাও কোন অনিয়ম হলে তিনি তা সহ্য করবেন না। বৃহস্পতিবার দুপুরে শেখ হাসিনা জাতীয় বার্ন এন্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে সংবর্ধনাঅনুষ্ঠানে একথা বলেন স্বাস্থ্যমন্ত্রী।(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৮.০১.২০২৪ আসাদ)

## মেট্রোরেল ২০ জানুয়ারি থেকে উত্তরা-মতিঝিলে সকাল থেকে রাত পর্যন্ত চলবে

আগামী ২০ জানুয়ারি শনিবার থেকে মেট্রোরেল পুরো সময় মতিঝিল থেকে উত্তরা পর্যন্ত চলবে। বৃহস্পতিবার মেট্রোরেল পরিচালনাকারী কর্তৃপক্ষ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেডের পক্ষ থেকে এক অফিস আদেশে এই তথ্য জানানো হয়।(রেডিও টুডে : ১৮৪৫ ঘ. ১৮.০১.২০২৪ আসাদ)

## বিএনপি ভদ্র মানুষের দল, লগি-বৈঠার রাজনীতি করে না : মঈন খান

বিএনপির স্থায়ী কমিটির সদস্য মঈন খান বলেছেন, বিএনপি রাজনীতি করে মানুষের জন্য, আওয়ামী লীগের মতো ক্ষমতায় থেকে লুট করার জন্য রাজনীতি করে না। মানুষের সেবায় রাজনীতিতে নেমেছি। মানুষকে বলেছি, ক্ষমতার জন্য রাজনীতি করতে আসিনি। বৃহস্পতিবার দুপুরে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিএনপি আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মঈন খান বলেন, মানুষের অধিকার ফিরিয়ে দেওয়ার জন্য আমরা রাজনীতি করি। বিএনপি লগি-বৈঠার রাজনীতি করে না। বিএনপি ভদ্র মানুষের দল। শান্তিপূর্ণ আন্দোলনের মাধ্যমে আমরা নিরস্ত্র মানুষদের নিয়ে এ দেশের সরকারের পতন ঘটিয়ে গণতন্ত্র পুনরুদ্ধার করব।(রেডিও টুডে:২১৪৫ ঘ. ১৮.০১.২০২৪ আসাদ)

## জাপার সংসদীয় দলের নেতা হলেন জি এম কাদের

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ১১টি আসন পাওয়া জাতীয় পার্টি তাদের চেয়ারম্যান জি এম কাদেরকে সংসদীয় দলের নেতা নির্বাচিত করেছে। একই সঙ্গে জাপার সিনিয়র কো-চেয়ারম্যান আনিসুল ইসলাম মাহমুদকে সংসদীয় দলের উপনেতা এবং দলের মহাসচিব মুজিবুল হককে চুন্নুকে সংসদীয় দলের চিফ হুইপ নির্বাচিত করা হয়েছে। জাপার নেতারা বলছেন, তারা এ সিদ্ধান্ত লিখিতভাবে স্পিকারকে জানাবেন।আজ বৃহস্পতিবার সংসদ ভবনে বিরোধী দলীয় উপনেতার কার্যালয়ে জাপার সংসদীয় দলের সভা অনুষ্ঠিত হয়। জাপা সূত্রে জানা গেছে, সভায় সংসদীয় দলের নেতা, উপনেতা ও চিফ হুইপ নির্বাচিত করা হয়। সন্ধ্যার পর জাতীয় পার্টির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। (রেডিও টুডে : ২১৪৫ ঘ. ১৮.০১.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## প্রধানমন্ত্রীর সঙ্গে ইইউ রাষ্ট্রদূতের সাক্ষাৎ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হুইটলি। আজ বৃহস্পতিবার সকালে গণভবনে গিয়ে সরকার প্রধানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন তিনি। এর আগে গতকাল বুধবার, ১৭ জানুয়ারি গণভবনে গিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ ও বৈঠক করেন এশীয় উন্নয়ন ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর এডিমন গিনটিং। বৈঠকে বাংলাদেশের সুন্দর ভবিষ্যতের জন্য প্রধানমন্ত্রী হিসেবে শেখ হাসিনার প্রত্যাবর্তন অত্যন্ত জরুরি ছিল বলে উল্লেখ করে তিনি। টানা চতুর্থ মেয়াদে প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর বিভিন্ন দেশের সরকার, সংস্থা ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানানো হচ্ছে।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

## টিআইবি বিএনপির দালাল : সেতুমন্ত্রী

দ্বাদশ সংসদ নির্বাচন নিয়ে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, টিআইবির প্রতিবেদনকে একপেশে এবং সরকার বিরোধী উল্লেখ করে সংস্থাটিকে বিএনপির দালাল বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ বৃহস্পতিবার দুপুরে রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। ওবায়দুল কাদের বলেন, 'টিআইবি বিএনপির সুরে কথা বলে। ইতিহাস বলে তারা সবসময় আওয়ামী লীগের বিরুদ্ধে ছিল। তারা সবসময় বিএনপির পক্ষে কথা বলে। তাদের গবেষণার নিরপেক্ষতা আমরা খুঁজে পাইনি।' তিনি বলেন, 'কিছু প্রতিষ্ঠান আছে দুর্ঘটনা নিয়ে কথা বলে। একশো জন মারা গেলে পাঁচশো জন বানিয়ে দেয়। টিআইবিও তাদের মতো। এই টিআইবি বলেছিল, নিজস্ব অর্থায়নে পদ্মাসেতু নির্মাণ অসম্ভব। একই কথা সিপিডিও বলেছিল। মনে রাখতে হবে, কিছু কথা বলা হয় শুধুই পাবলিক পারসেপসনের জন্য। মামলা দিয়ে সবকিছু সমাধান হয় না, তাদের রাজনৈতিকভাবেই মোকাবিলা করা হবে। কথা বা তর্কের মাধ্যমে সবকিছু বেরিয়ে আসবে।' নির্বাচন পরবর্তী বিভিন্ন স্থানে সহিংসতা নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'রাজনীতিতে রণকৌশল থাকবেই। আমাদেরও দ্বন্দ্ব-কোন্দল আছে, থাকবেই। এগুলো সব দলেই আছে। রাজনীতিতে দ্বন্দ্ব থাকবেই। এসব নিয়েই আওয়ামী লীগ এগিয়ে যাচ্ছে। যেখানে যত সমস্যাই থাকুক, শেখ হাসিনার নেতৃত্বে সবাই ঐক্যবদ্ধ।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

## ৬৪৮ জন এমপি'র বিতর্ক রাজনৈতিক কারণে : আইনমন্ত্রী

দেশে একসঙ্গে ৬৪৮ জন সংসদ সদস্য রয়েছে বলে যে বিতর্ক উঠেছে তা ঠিক নয় দাবি করে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, 'রাজনৈতিক কারণে সারাদেশে একটি বিভ্রান্তি সৃষ্টি করার জন্য এ বক্তব্য দেওয়া হচ্ছে।' আজ বৃহস্পতিবার সচিবালয়ে এক জরুরি প্রেস ব্রিফিংয়ে এ কথা বলেন আইনমন্ত্রী। বুধবার বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেন, এ মুহূর্তে একাদশ সংসদের ৩৫০ জন আর ডামি দ্বাদশ সংসদের ২৯৮ জন মোট ৬৪৮ জন শপথবদ্ধ এমপি রয়েছেন। এখন রাষ্ট্রপতি সংসদ অধিবেশন ডাকলে দুই সংসদের সদস্যরাই তাতে যোগ দিতে পারেন। অথচ এটি সাংবিধানিকভাবে অবৈধ। এ বিষয়ে আইনমন্ত্রী বলেন, 'দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে নির্বাচিতরা এমপি হিসেবে শপথ নিলেও সংসদে তারা কার্যভার গ্রহণ করার পর থেকে এমপি হিসেবে বিবেচিত হবেন। আগামী ৩০ জানুয়ারি সংসদ অধিবেশনের মাধ্যমে নতুন এমপিরা কার্যভার গ্রহণ করবেন বলেও জানান আইনমন্ত্রী।' আনিসুল হক বলেন, '৩০ জানুয়ারি থেকেই নতুন সংসদ সদস্যরা এমপি হিসেবে সুযোগ-সুবিধা পাবেন। নতুন সংসদের অধিবেশন বসার পর বর্তমান সংসদ সদস্যদের মেয়াদ শেষ হবে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

## ৭ ফেব্রুয়ারি ভারত সফরে যাবেন পররাষ্ট্রমন্ত্রী

ভারতের পররাষ্ট্রমন্ত্রীর আমন্ত্রণে আগামী ৭ ফেব্রুয়ারি দেশটিতে সফরে যাচ্ছেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ বৃহস্পতিবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান তিনি। পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'আমি ভারত সফরে যাচ্ছি আগামী ৭ ফেব্রুয়ারি। ভারতের পররাষ্ট্রমন্ত্রীর আমন্ত্রণে সেখানে যাবো। সম্ভবত সফরটা তিনদিনের জন্য। এখনো চূড়ান্ত হয়নি। তবে ৭ ফেব্রুয়ারি যাচ্ছি।' সফরে আলোচনায় কোন বিষয়গুলো থাকবে জানতে চাইলে হাছান মাহমুদ বলেন, 'এখনো রেডি হয়নি। সফরে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে তার সাক্ষাতের বিষয়টি এখনো ঠিক হয়নি বলেও জানান তিনি। উগান্ডার রাজধানী কাম্পালায় জোট নিরপেক্ষ আন্দোলন, ন্যাম শীর্ষ সম্মেলনে যোগ দিতে বুধবার একটি ফ্লাইটে ঢাকা ছাড়ার প্রস্তুতি ছিল পররাষ্ট্রমন্ত্রীর। তবে আবহাওয়াজনিত কারণে উগান্ডা যাওয়া হয়নি তার। আজ রাতে উগান্ডায় উদ্দেশ্যে ফের ঢাকা ছাড়ার কথা রয়েছে মন্ত্রীর। ন্যাম সম্মেলনের ফাঁকে বৃহস্পতিবার ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শঙ্করের সঙ্গে বৈঠকের কথা ছিল হাছান মাহমুদের। আবহাওয়াজনীত কারণে উগান্ডায় যেতে না পারায় আজ আর বৈঠকটি হয়নি। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

## বিশ্ব ব্যাংক বাংলাদেশকে সহায়তা করতে প্রস্তুত : অর্থমন্ত্রী

আন্তর্জাতিক দাতা সংস্থা বিশ্ব ব্যাংক বাংলাদেশকে সহায়তা করতে প্রস্তুত বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। আজ বৃহস্পতিবার সচিবালয়ে নিজ দফতরে বিশ্ব ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর আবদুলায়ে সেক এর সঙ্গে

বৈঠকের পর সাংবাদিকদের কাছে তিনি এমন মন্তব্য করেন। অর্থমন্ত্রী বলেন, 'বিশ্ব ব্যাংকের প্রেসিডেন্ট এসেছিলেন রোহিঙ্গা ক্যাম্পে। আমিই তাকে নিয়ে গিয়েছিলাম। বিশ্ব ব্যাংক বাংলাদেশের জন্য কাজ করে। তারা বাংলাদেশকে সহায়তা করতে চান।' বিশ্ব ব্যাংক যে বাংলাদেশের অর্থনীতিতে সংস্কার চাচ্ছে, এ নিয়ে জানতে চাইলে অর্থমন্ত্রী বলেন, 'সংস্কার তারা চাচ্ছে। সংস্কার তো অবশ্যই দরকার। এতে বিশ্ব ব্যাংক সহায়তা করতে প্রস্তুত।' তবে কোন কোন জায়গায় সহায়তা দরকার, তা নিয়ে জানতে চাইলে তিনি কোনো মন্তব্য করেননি। অর্থমন্ত্রী বলেন, 'দেখি আমরা কাজ শুরু করি। আমাদের মধ্যে একটা সম্পর্ক রয়েছে। বিশ্ব ব্যাংক তা অব্যাহত রাখবে।' এর আগে বিশ্ব ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর আব্দুলাই শেখ বলেন, 'বাংলাদেশের স্বাধীনতার পর থেকে এখন পর্যন্ত ৫২ বিলিয়ন মার্কিন ডলার সহায়তা করেছি। আরো ১৬ বিলিয়ন ডলার সহায়তার প্রতিশ্রুতি রয়েছে। শিক্ষা, স্বাস্থ্য, জ্বালানি, প্রযুক্তিসহ বিভিন্ন ক্ষেত্রে এ সহায়তা করা হবে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

**রমজান ঘিরে পণ্যের দাম বাড়ালে কঠোর হবে সরকার : বাণিজ্য প্রতিমন্ত্রী**

পবিত্র রমজান মাস সামনে রেখে যেসব মজুতদার নিত্যপণ্যের দাম বাড়ানো বা বাজারে পণ্যের কৃত্রিম সংকট তৈরির চেষ্টা করবেন সরকার তাদের ব্যাপারে কঠোর হতে একটুও পিছপা হবে না বলে হুঁশিয়ারি দিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। আজ বৃহস্পতিবার বেলা ১১টায় রাজধানীর মোহাম্মদপুরে টিসিবির জানুয়ারি মাসের পণ্য বিক্রয় কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ হুঁশিয়ারি দেন। বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, 'টিসিবির মাধ্যমে আমরা রমজানে পাঁচটি পণ্য দেবো। এখন দিচ্ছি তেল, চিনি, ডাল, চাল এই চারটি আইটেম। সারা বাংলাদেশে এক কোটি পরিবার এই চারটি আইটেম পাবে। প্রধানমন্ত্রী প্রথম মন্ত্রিসভার বৈঠকে আমাদের বলেছেন, ঢাকা শহর ও এর আশেপাশে যেসব শ্রমিক বসতি এলাকা আছে সেখানে যেন ফোকাস করা হয়।' তিনি বলেন, 'আমরা খেটে খাওয়া মানুষদের টিসিবির পণ্যের আওতায় আনতে চেষ্টা করবো। এক্ষেত্রে জনপ্রতিনিধিদের একটা দায়িত্ব আছে। আমরা সাত হাজার ৭০০ এর বেশি ডিলারের মাধ্যমে টিসিবির কর্মযজ্ঞ পরিচালনা করি। তা না হলে এটি সম্ভব হতো না। স্থানীয় জনপ্রতিনিধিদের মাধ্যমে টিসিবির পণ্যের সুবিধাভোগীদের তালিকা তৈরি করা হয়।' প্রতিমন্ত্রী বলেন, 'আমরা এক কোটি স্মার্ট কার্ড দেবো। ২০ লাখ কার্ড প্রস্তুত হয়ে গেছে। সেটি আমরা বিতরণ করবো। আগামীতে আমরা সবাইকে সম্পৃক্ত করার চেষ্টা করবো। আমরা টিসিবির পণ্য বিক্রি শুরু করেছিলাম ট্রাকের মাধ্যমে। সেখান থেকে দোকানে এসেছি। পরবর্তী সময়ে এটি যেন ন্যায্য মূল্যের দোকানের মতো হয়। বিশেষত কর্মজীবীরা যেন বিকেলেও ন্যায্যমূল্যে পণ্য নিতে পারেন আমরা সে ধরনের ব্যবস্থা নিয়ে আসবো।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

**শক্ত পদক্ষেপ নেবো, সদরঘাট ফিটফাট থাকবে : নৌ পরিবহন প্রতিমন্ত্রী**

সদরঘাটে যাত্রী হয়রানির বিষয়ে শক্ত পদক্ষেপ নেওয়া হবে জানিয়ে নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেন, 'আমরা যেটা বলছি, সদরঘাট ফিটফাট, সেটাই থাকবে।' আজ বৃহস্পতিবার সচিবালয়ে শিপিং রিপোর্টার্স ফোরাম, বাংলাদেশ এর কার্যনির্বাহী কমিটির সঙ্গে সৌজন্য সাক্ষাতে এ কথা বলেন প্রতিমন্ত্রী। তিনি বিলেন, 'সদরঘাটে গিয়ে আমি কিন্তু দোকানপাট সব তুলে দিয়েছিলাম। লাস্ট কিছু দিন ধরে আমার কাছে তথ্য আসছে যে হয়রানি আবার শুরু হয়ে গেছে। এটার ব্যাপারে আমরা শক্ত পদক্ষেপ নেবো।' প্রতিমন্ত্রী বলেন, 'আমাদের উপকূলীয় অঞ্চল, আমাদের তজুমুদ্দিন এলাকার মানুষ আটকে আছে ভোলায়। আমাদের হাতিয়া, এত বড় একটা জায়গা, ৫০ বছরে আমরা তাদের একটা যাতায়াতের ব্যবস্থা করতে পারলাম না। সন্দ্বীপ, কুতুবদিয়া- এগুলোর মানুষ বাংলাদেশ থেকে বিচ্ছিন্ন। এগুলো নিয়ে আমাদের অনেক আগে ভাবার দরকার ছিল। এখন আমাদের যেহেতু প্রকল্প নেওয়া হয়েছে। সন্দীপ, কুতুবদিয়া যে প্রকল্প নেওয়া হয়েছে, তাতে যদি জেটিগুলো নির্মাণ হয় তাহলে জোয়ার-ভাটায় কাদার মধ্যে আসা-যাওয়ার ক্ষেত্রে পড়তে হবে না। আর হাতিয়ার ব্যাপারে আমরা বিশেষভাবে চিন্তা-ভাবনা করছি।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

**সফল নির্বাচনে সংকট থেকে জাতি উঠে এসেছে : সিইসি**

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সফলভাবে সম্পন্ন হওয়ায় জাতি সংকট থেকে উঠে এসেছে বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার, সিইসি কাজী হাবিবুল আউয়াল। আজ বৃহস্পতিবার নির্বাচন ভবনের অডিটোরিয়ামে ধন্যবাদ জ্ঞাপন অনুষ্ঠানে এ মন্তব্য করেন তিনি। সিইসি বলেন, 'দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সফলভাবে সম্পন্ন হওয়ায় জাতি সংকট থেকে উঠে এসেছে। তবে এটি স্থায়ী সমাধান নয়। নির্বাচন ব্যবস্থার ওপর জনগণের আস্থা অনেকটা হ্রাস পেয়েছে।' কাজী হাবিবুল আউয়াল বলেন, 'সরকারের সহায়তা ছাড়া এত বড় কর্মযজ্ঞ সফল করা সম্ভব ছিল না। আমাদের অপবাদ, বদনাম দুটোই নিতে হবে। উদ্বেগ, সংকট থেকে জাতি উঠে এসেছে। তবে এটা স্থায়ী সমাধান নয়। রাজনীতিবিদদের যদি আস্থা না থাকে, তাহলে নির্বাচন কমিশনের গ্রহণযোগ্যতা থাকে না।' তিনি আরো বলেন, 'নির্বাচন খুব যে অংশগ্রহণমূলক হয়েছে তা কিন্তু নয়। একটি বড় দল শুধু বর্জন করেনি, প্রতিহত করতে চেয়েছিল। নির্বাচন উঠিয়ে আনায় জাতি স্বস্তিবোধ করছে, আমরা স্বস্তিবোধ করছি। তবে নির্বাচন ব্যবস্থার উপর জনগণের আস্থা অনেকটা হ্রাস পেয়েছে।' (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

**সালমান এফ রহমান প্রধানমন্ত্রীর অবৈতনিক উপদেষ্টা**

প্রধানমন্ত্রীর অবৈতনিক উপদেষ্টা হলেন সালমান এফ রহমান। এ বিষয়ে আজ বৃহস্পতিবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এর আগে গত ১১ জানুয়ারি সালমান এফ রহমানসহ ছয়জনকে প্রধানমন্ত্রীর উপদেষ্টা নিয়োগ করা হয়। উপদেষ্টা পদে থাকার সময় তারা মন্ত্রীর পদমর্যাদা, বেতন-ভাতা ও আনুষঙ্গিক সুযোগ-সবিধা পাবেন বলে নিয়োগের প্রজ্ঞাপনে জানানো হয়েছিল। বৃহস্পতিবার নতুন প্রজ্ঞাপনে জানানো হয়েছে, সালমান এফ রহমানের নিয়োগ হবে অবৈতনিক। তবে তিনি উপদেষ্টা পদে অধিষ্ঠিত থাকাকালীন মন্ত্রীর পদমর্যাদা পাবেন। গত মন্ত্রিসভায় সালমান এফ রহমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন। (জাগো এফএম : ১৭০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

**বিএনপি ও টিআইবির ভাষা মিলে গেছে : পররাষ্ট্রমন্ত্রী**

নির্বাচন নিয়ে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ, টিআইবি যে প্রতিবেদন দিয়েছে তাতে বিএনপি ও টিআইবির ভাষা মিলে গেছে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। আজ বৃহস্পতিবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ মন্তব্য করেন তিনি। তিনি বলেন, '১৭ জানুয়ারি টিআইবির একটি রিপোর্ট গণমাধ্যমে প্রকাশ করা হয়েছে। টিআইবি সবসময় গবেষণালব্ধ রিপোর্ট বলে। কিন্তু প্রকৃতপক্ষে টিআইবি বেশিরভাগ ক্ষেত্রে কোনো গবেষণা না করে কিছু পত্রিকার রিপোর্ট এবং তড়িঘড়ি করে কিছু তথ্য-উপাত্ত সংগ্রহ করে প্রেস ব্রিফিং করে। গতকালেরটাও আমার কাছে সেরকমই মনে হয়েছে। দেশে প্রকৃতপক্ষে একটি সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ, স্বচ্ছ ও উৎসবমুখর পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। যেই নির্বাচনের প্রশংসা করেছে মার্কিন যুক্তরাষ্ট্র থেকে আসা পর্যবেক্ষক, ইউরোপীয় ইউনিয়ন থেকে আসা পর্যবেক্ষক, ওআইসিভুক্ত দেশ থেকে যারা এসেছিল, সার্কভুক্ত দেশ থেকে যারা এসেছিল, কমনওয়েলথভুক্ত দেশ থেকে যারা এসেছিল, আরব দেশগুলো থেকে যারা এসেছিল, আরো অন্যান্য বিভিন্ন সংস্থার পর্যবেক্ষক। যারা পর্যবেক্ষক এসেছিল সেখানে মার্কিন সাবেক কংগ্রেসম্যান ছিল, ইউরোপীয় ইউনিয়নের সাবেক ইউরোপীয়ান সংসদ সদস্যও ছিল। তারা সবাই প্রেস কনফারেন্স করে এ নির্বাচন সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ, স্বচ্ছ ও উৎসবমুখর পরিবেশে মানুষ ভোট দিয়েছে বলে মত প্রকাশ করেছেন।'

(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

**অবৈধ মজুদকারীর বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স নীতি : খাদ্যমন্ত্রী**

অবৈধ মজুদকারীদের বিরুদ্ধে সরকারের নীতি জিরো টলারেন্স বলে মন্তব্য করেছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। আজ বৃহস্পতিবার সচিবালয় থেকে ভার্চুয়ালি যুক্ত হয়ে আট বিভাগের প্রশাসনের কর্মকর্তাদের সঙ্গে অবৈধ মজুদ বিরোধী কার্যক্রম গতিশীল করতে এক মত বিনিময় সভায় মন্ত্রী এ কথা বলেন। তিনি বলেন, 'কেউ ফুড গ্রেইন লাইসেন্স ছাড়া ধান-চালের ব্যবসা করতে পারবে না।' লাইসেন্স ছাড়া কেউ অবৈধ মজুত করলে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিতে প্রশাসনের কর্মকর্তাদের নির্দেশ দেন খাদ্যমন্ত্রী। সাধন চন্দ্র মজুমদার বলেন, 'সরকারের অগ্রাধিকার এখন দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ করে সাধারণ মানুষকে শান্তিতে রাখা। সবাই আন্তরিকতার সঙ্গে কাজ করলে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে আসবে।' তিনি বলেন, 'ইতোমধ্যে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলা-উপজেলায় অবৈধ মজুদ ধরা পড়েছে। অভিযানে জরিমানা করা হয়েছে এবং সেই চাল দ্রুত বিক্রি করার ব্যবস্থা হয়েছে।' অভিযান চলমান রাখতে এবং সফল করতে বিভাগীয় কমিশনারদের নির্দেশনা দেন মন্ত্রী। (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

**অঙ্গদানের সংস্কৃতি গড়ে তুলতে প্রয়োজন জনসচেতনতা : গওহর রিজভী**

অঙ্গদানের মতো মহৎ বিষয়টিকে আন্দোলনে পরিণত করতে বা সংস্কৃতি গড়ে তুলতে মানুষের মধ্যে জনসচেতনতা সৃষ্টি করতে হবে বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা গওহর রিজভী। তিনি বলেন, 'অঙ্গদান কার্যক্রম বাস্তবায়নের জন্য লিভিং উইল এর ধারণাটি মানুষের মধ্যে ছড়িয়ে দিতে হবে। লিভিং উইলটা খুব প্রয়োজনীয় জিনিস।' আজ বৃহস্পতিবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিল্টন হলে সফল ক্যাডাভেরিক ট্রান্সপ্লান্টেশনের বর্ষপূর্তি উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে এ মন্তব্য করেন তিনি। অনুষ্ঠানটি আয়োজন করে সারাহ ইসলাম ক্যাডাভেরিক ট্রান্সপ্ল্যান্ট সেল। দিবসটি 'ক্যাডাভেরিক ডোনেশনই বাঁচাতে পারে লাখো প্রাণ' প্রতিপাদ্য নিয়ে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের শুরুতে বিশ্ববিদ্যালয়ের বি-ব্লকের সামনে থেকে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। গওহর রিজভী বলেন, 'এক সেকেন্ডের মধ্যেই আপনার সঙ্গে যেকোনো কিছু হয়ে যেতে পারে। আপনি হয়তো কথা বলতে পারবেন না, মুভ করতে পারবেন না, কিন্তু আপনার অর্গানগুলো কাজ করবে। তখন আত্মীয়রা চাইবে আমরা একে যতদিন বাঁচিয়ে রাখতে পারি। কিন্তু যদি অর্গান ও বডি তিনি যদি বলে যান, যদি লিভিং উইল আমরা দিয়ে যাই তাহলে তখন নিকটতমদের সিদ্ধান্ত নিতে এবং অনেক কাজই সহজ হয়ে যায়। কাজেই আমি আপনাদের কাছে অনুরোধ করবো, কার্ড করেন এবং যদি পারেন লিভিং উইল করে যান।'

(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

### শিশু আয়ানের মৃত্যুর ঘটনা তদন্তের নির্দেশ প্রধানমন্ত্রীর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেন বলেছেন, 'শিশু আয়ানের মৃত্যুর ঘটনা তদন্ত করতে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।' আজ বৃহস্পতিবার দুপুরে স্বাস্থ্যমন্ত্রীর দায়িত্ব পাওয়ায় (শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউট) আয়োজিত সংবর্ধনা সভায় তিনি এ কথা বলেন। এ সময় স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'আমার কিছু চাওয়ার নেই। স্বাস্থ্য খাত ঢেলে সাজাবো।' স্বাস্থ্য খাত ঢেলে সাজাতে দেশের চিকিৎসক, নার্স, স্টাফসহ সবার সহযোগিতা চান তিনি। এছাড়া দেশের বাইরে যেন আর কোনো মানুষ চিকিৎসা নিতে না যায় সে ব্যাপারে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সেবা দিতে চিকিৎসক ও নার্সদের প্রতি আহ্বান জানান তিনি।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

### জি এম কাদেরকে বিরোধী দলীয় নেতা নির্বাচন করলো জাপা
জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদেরকে বিরোধী দলীয় নেতা নির্বাচন করেছে তার দল। এছাড়া দলটির কো-চেয়ারম্যান আনিসুল ইসলাম মাহমুদকে বিরোধী দলের উপনেতা ও মহাসচিব মজিবুল চুন্নুকে বিরোধী দলীয় চিফ হুইপ মনোনয়ন দেওয়া হয়েছে। আজ বৃহস্পতিবার সংসদ ভবনে বিরোধী দলীয় উপনেতার দফতরে অনুষ্ঠিত জাতীয় পার্টির সংসদীয় দলের সভায় এ সিদ্ধান্ত হয়। এ তথ্য জানিয়েছেন জাপা মহাসচিব মজিবুল হক চুন্নু। জি এম কাদেরের সভাপতিত্বে সভা হয়। সভায় দলের সংসদ সদস্য হাফিজউদ্দিন আহম্মেদকে বিরোধী দলীয় হুইপ মনোনয়ন দেওয়া হয়েছে। এ সিদ্ধান্ত লিখিতভাবে সংসদের স্পিকার শিরীন শারমিন চৌধুরীকে জানানো হবে।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

### মানুষ সরকারের মুখে কলঙ্ক লেপে দিয়েছে : মঈন খান
দেশের মানুষ ৭ জানুয়ারি ভোট না দিয়ে সরকারের মুখে কলঙ্ক লেপে দিয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান। আজ বৃহস্পতিবার বিকেলে রাজধানীর আইইবি মিলনায়তনে এক আলোচনা সভায় এ মন্তব্য করেন তিনি। নেতা-কর্মীদের উদ্দেশ্য তিনি বলেন, 'আমাদের বুকে বল আছে। সেই বল দিয়ে স্বৈরাচার সরকারের সব অস্ত্র-গুলি আন্দোলন করে পরাভূত করবো।' মঈন খান বলেন, 'যে গণতন্ত্রকে হত্যা করা হয়েছে, সেই গণতন্ত্রকে পুনরুজ্জীবিত করবো। জীবনবাজি রেখে আবার বাংলাদেশে গণতন্ত্র ফিরিয়ে আনবো। আমাদের উপর এই দায়িত্ব বর্তেছে। ১৮ কোটি মানুষের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে আমাদের রাজপথে থাকতে হবে। মানুষের অধিকার প্রতিষ্ঠার সংগ্রাম সহজ ছিল না। আমরা সেই কঠিন সংগ্রামে নেমেছি। আলোচনা সভায় দলের আরেক স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান বলেন, 'বিএনপির লজ্জিত হওয়ার কিছু নাই। তবে গৌরব করার বহু কিছু আছে। জয় আমাদের আসবেই।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ১৮.০১.২০২৪ প্রতীক)

## BBC

### PAKISTAN LAUNCHES RETALIATORY STRIKES INTO IRAN
Pakistan has launched missile strikes into Iran, killing nine people, after Iran carried out strikes in Pakistan late on Tuesday. Pakistan said its strikes had hit terrorist hideouts in Iran's south-eastern Sistan-Baluchiestan province. Iran condemned the attack, which it said killed three women, two men and four children. The reciprocal air strikes come as tensions in the Middle East are high with several overlapping crises. Pakistan's foreign ministry said its strikes around the Iranian city of Saravan had come in light of credible intelligence of impending large-scale terrorist activities and added that it fully respects Iran's sovereignty and territorial integrity.
(BBC Web Page: 28/01/24, FARUK)

### SUSPECTED JORDANIAN AIR STRIKES IN SYRIA KILL 10
At least 10 people, including children, have been killed in suspected Jordanian air strikes in south-western Syria, local activists and media say. Several homes were reportedly destroyed in Arman, a town in Suweida province about 20km from the border. There was no immediate comment from authorities in Jordan. But its forces are believed to have carried out a number of air strikes in Syria over the past year on suspected drug smugglers and their facilities. (BBC Web Page: 18/01/24, FARUK)

### US LAUNCHES FOURTH ROUND OF STRIKES ON HOUTHI TARGETS
The US has carried out a fourth round of strikes on Iranian-backed Houthis in Yemen, Pentagon officials confirmed on Wednesday night. Some 14 Houthi missiles, which the US says may have been intended for attacks on shipping in the Red Sea, were targeted by American forces. Centcom - the US Middle East command - said

the sites were struck by Tomahawk missiles fired from US Navy vessels. The strikes come as the US designated the Houthis as global terrorists.
(BBC Web Page: 18/01/24, FARUK)

**ISRAEL ACCUSED OF TARGETING CIVILIANS IN DEADLY W. BANK STRIKE**

Israel is accused of having targeted a group of Palestinian civilians with no links to armed groups and who posed no threat to Israeli forces, according to witnesses in the occupied West Bank. Seven men - four of them brothers - were killed in an Israeli air strike early on 7 January, as they sat around a fire next to the road through al-Shuhada village, 10km from the city of Jenin. The BBC has spoken to relatives of the men killed, witnesses in the area at the time, and a paramedic at the scene.
(BBC Web Page:18/01/24, FARUK)

**DR CONGO OPPOSITION CALLS FOR INAUGURATION DAY PROTESTS**

Three opposition leaders in the Democratic Republic of Congo have called for a nationwide protest on Saturday, when President Felix Tshisekedi is due to be sworn in for a second term. He won last month's election with 73% of the vote, according to the electoral commission. But the result was condemned as a "sham" by several opposition candidates who demanded a rerun. The call for a demonstration on Saturday was made jointly at an online press conference by Moise Katumbi, who according to the official results, came second with 18%, Martin Fayulu, who came third with 5% and Anzuluni Bembe, who got 1%.
(BBC Web Page: 18/01/24, FARUK)

**UK PM SUNAK URGES LORDS TO BACK RWANDA BILL**

Prime Minister Rishi Sunak has urged the House of Lords to pass his flagship Rwanda bill, as he warned peers not to frustrate the will of the people. Giving a press conference after the legislation was approved by MPs, Mr Sunak said it was now up to the Lords to do the right thing. But he declined to give a date for when flights carrying asylum seekers would take off to Rwanda. The PM would only say he wanted this to happen as quickly as possible. The bill, which seeks to revive the government's plan to send some asylum seekers to the east African country, was passed by 320 to 276 votes in the House of Commons on Wednesday.
(BBC Web Page: 18/01/24, FARUK)

**SOMALIA CALLS ON ETHIOPIA TO RETRACT SOMALILAND DEAL**

There is no space for mediation with Ethiopia unless it retracts its deal with the self-declared republic of Somaliland, Somalia's foreign ministry has said in a statement. Its comments come after the African Union's Peace and Security Council called for restraint and said that Somalia's sovereignty should be respected. The 1 January agreement between Ethiopia and Somaliland raised the possibility that Somaliland would lease part of its coastline to Ethiopia has angered Somalia. Somalia, which considers Somaliland as part of its territory, called it an act of aggression and on Thursday described the deal as illegal. (BBC Web Page: 18/01/24, FARUK)

**MYSTERY DISEASE KILLS HUNDREDS OF CATTLE IN MOZAMBIQUE**

The Mozambican authorities are concerned over a strange disease that has killed more than 900 cattle in the country's central region since December. The disease is unknown to breeders and veterinary authorities. It broke out in the province of Manica, on the border with Zimbabwe and has spread to three of the province's districts. Concerned breeders are asking for an urgent response from veterinary authorities to prevent further losses, amid fears that the disease could spread and kill more cattle. (BBC Web Page: 18/01/24, FARUK)

**:: The End ::**